দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ শুক্রবার ॥ ০৪ সেপ্টেম্বর ২০২৬ ॥ ২১ রবিঃ আউঃ ১৪৪৮ ॥ ২১ ভাদ্র ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৯১ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

আর আহলে-কিতাবগণের একদল বললো, মুসলমানগণের উপর যা কিছু অবতীর্ণ হয়েছে তাকে দিনের প্রথম ভাগে মেনে নাও, আর দিনের শেষ ভাগে অস্বীকার করে, হয়তো তারা মুখ ফিরিয়ে নিতে পারে।

সূরা আল ইমরান ৭২

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
এ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত বন্ধন
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

ট্রিলিয়ন ডলারের অর্থনীতি কোনো স্লোগান নয়, একটি পরিকল্পনা: প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

সরকার ২০৩৪ সালের মধ্যে এক ট্রিলিয়ন ডলারের অর্থনীতি গড়ে তোলার লক্ষ্য নিয়েছে। এটি কোনো স্লোগান ২ এর পাতায় দেখুন

২০২৫ সালের তুলনায় দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি ভালো: স্বরাষ্ট্রমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

২০২৫ সালের তুলনায় দেশের বর্তমান আইনশৃঙ্খলা পরিস্থিতি অনেক ভালো বলে দাবি করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন ২ এর পাতায় দেখুন

জনগণের ভোগান্তি নিরসনে লং মার্চে অংশ নিচ্ছে এনসিপি: আখতার

কীর্তনখোলা ডেস্ক

জনগণের ভোগান্তি নিরসন এবং গণভোটের রায় বাস্তবায়নের লক্ষ্যেই ১১ দলীয় ঐক্যের ব্যানারে ঢাকা থেকে চট্টগ্রাম ২ এর পাতায় দেখুন

ট্রাইব্যুনালে নাশকতার শঙ্কা, গোপন তথ্য আছে: চিফ প্রসিকিউটর

কীর্তনখোলা ডেস্ক

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে 'স্যাবোটাজ' বা নাশকতার পরিকল্পনা থাকতে পারে–এমন গোপন তথ্য প্রসিকিউশনের ২ এর পাতায় দেখুন

বরিশালজুড়ে ভয়াবহ আকার নিচ্ছে ডেঙ্গুর প্রকোপ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালজুড়ে ভয়াবহ আকার নিচ্ছে ডেঙ্গুর প্রকোপ। চলতি বছরে বিভাগের ছয় জেলায় ডেঙ্গু আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৬ হাজার ৭৯১ জনে। মৃত্যু হয়েছে ১০ জনের। প্রতিদিনই নতুন রোগী হাসপাতালে ভর্তি হওয়ায় বাড়ছে চাপ। কিন্তু ডেঙ্গু রোগীদের জন্য আলাদা ওয়ার্ডের ব্যবস্থা তো নেই-ই, সরকারি মশারি থাকলেও তা দেওয়া হচ্ছে না অনেক রোগীকে। হাসপাতাল কর্তৃপক্ষের ভাষ্য, রোগীরা মশারি নিয়ে বাড়ি চলে যাওয়ায় নার্সদের কৈফিয়ত দিতে হয়। সেই 'চুরির' ভয়ে অনেক ক্ষেত্রেই রোগীদের মশারি দেওয়া হচ্ছে না। আবার কেউ বাড়ি থেকে মশারি নিয়ে এলেও হাসপাতালের শয্যাগুলোয় তা টাঙানোর ব্যবস্থা নেই। ফলে মশারি ছাড়াই ডেঙ্গু রোগীদের সঙ্গে একই ওয়ার্ডে অবস্থান করছেন সাধারণ রোগীরা। এতে একদিকে ডেঙ্গু রোগীরা মশার কামড় থেকে সুরক্ষা পাচ্ছেন না, অন্যদিকে একই ওয়ার্ডে থাকা অন্যান্য রোগী ও স্বজনদের মধ্যেও ডেঙ্গু ছড়িয়ে পড়ার ঝুঁকি তৈরি হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের বরিশাল বিভাগীয় পরিচালকের দপ্তরের তথ্য অনুযায়ী, ২ সেপ্টেম্বর সকাল ৮টা পর্যন্ত বিভাগের ছয় জেলায় ডেঙ্গু আক্রান্ত হয়েছেন ৬ হাজার ৭৯১ জন। এর আগের ২৪ ঘণ্টায় নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছেন ১১০ জন। একই সময়ে মারা গেছেন একজন। চলতি বছরে ডেঙ্গুতে বিভাগে মোট মৃত্যু ১০ জনের। সর্বশেষ ১ সেপ্টেম্বর রাতে মারা যান বরিশালের বাবুগঞ্জ উপজেলার বাসিন্দা উত্তম ঘরামি (৫৩)। মৃতদের মধ্যে আটজন বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে, একজন ঝালকাঠি এবং একজন পিরোজপুর হাসপাতালে মারা গেছেন। বর্তমানে সরকারি হাসপাতালগুলোতে চিকিৎসাধীন ৩৮২ জন ডেঙ্গু রোগীর মধ্যে ৬৭ জন রয়েছেন শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে। এ পর্যন্ত ৬ হাজার ৩৯ জন সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন। আক্রান্তের হিসাবে ২ এর পাতায় দেখুন

বিচারবহির্ভূত হত্যা ও মিথ্যা মামলা বন্ধে পুলিশকে রাষ্ট্রপতির নির্দেশ

কীর্তনখোলা ডেস্ক

দেশের আইনশৃঙ্খলা রক্ষা ও অপরাধ দমনে পুলিশ বাহিনীকে সততা, নিষ্ঠা ও পেশাদারত্বের সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) বঙ্গভবনে আইজিপি মো. আলী হোসেন ফকির রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাতে এলে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। সাক্ষাৎকালে রাষ্ট্রপতি আইনের শাসন প্রতিষ্ঠায় জরুরি ভিত্তিতে যথাযথ পদক্ষেপ নেওয়ার জন্য পুলিশ বাহিনীর সদস্যদের নির্দেশনা দেন। এছাড়া অপ তথ্য, মিথ্যা তথ্য ও গুজব প্রচারসহ সাইবার অপরাধ, ছিনতাই, চাঁদাবাজি ও মাদকের বিস্তার দমন এবং নারী ও শিশুর নিরাপত্তা বিধানে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ প্রধানকে নির্দেশ দেন। এ ব্যাপারে জনগণকে নিয়মিত অবহিত রাখা ও ব্যাপক প্রচারণার ওপর তিনি গুরুত্বারোপ করেন। এসময় বর্তমান সরকার মানুষের মৌলিক মানবাধিকার ২ এর পাতায় দেখুন

তথ্য ও সম্প্রচারমন্ত্রী

আপনাদের কলমের খোঁচায় যেনো কারো ক্যারিয়ার-মানসম্মান নষ্ট না হয়

ভোলা প্রতিনিধি

তথ্য ও সম্প্রচারমন্ত্রী এবং বাংলাদেশ জাতীয় পার্টির (বিজেপি) চেয়ারম্যান ব্যারিস্টার আন্দালিব রহমান পার্থ বলেছেন, মিডিয়া গণতন্ত্রের একটা স্তম্ভ। আমাদের কাজগুলো খারাপ করছি, না ভালো করছি–সেগুলো আপনারা দেখবেন। আপনাদের এটাও মাথায় রাখতে হবে যে আপনাদের কলমের খোঁচায় যেন কারও জীবন, ক্যারিয়ার ও মানসম্মান নষ্ট না হয়। এটা আপনাদের নৈতিক দায়িত্ব। বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) দুপুর সাড়ে ১২টার দিকে ভোলা প্রেসক্লাবের হলরুমে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তথ্যমন্ত্রী ২ এর পাতায় দেখুন

এক বছরে সৌদি থেকে রেমিট্যান্স সবচেয়ে বেশি কমেছে যুক্তরাষ্ট্র-কানাডা থেকে

কীর্তনখোলা ডেস্ক

২০২৪-২০২৫ অর্থবছরের তুলনায় ২০২৫-২০২৬ অর্থবছরে বাংলাদেশে প্রবাসীদের পাঠানো রেমিট্যান্স উল্লেখযোগ্যভাবে বেড়েছে। গত অর্থবছরে বিভিন্ন দেশ থেকে মোট ৩৫ হাজার ৫৮৯ দশমিক ৩৯ মিলিয়ন ডলার রেমিট্যান্স এসেছে, যা আগের অর্থবছরের তুলনায় ৫ হাজার ২৬১ মিলিয়ন ডলার বেশি। বৃহস্পতিবার জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য নিলোফার চৌধুরী মনির লিখিত প্রশ্নের জবাবে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরী এ তথ্য জানান। মন্ত্রী জানান, ২০২৪-২০২৫ অর্থবছরে বিভিন্ন দেশ থেকে মোট ৩০ হাজার ৩২৮ দশমিক ৮১ মিলিয়ন ডলার রেমিট্যান্স এসেছিল। পরের অর্থবছরে তা বেড়ে দাঁড়িয়েছে ৩৫ হাজার ৫৮৯ দশমিক ৩৯ মিলিয়ন ডলারে। আরিফুল হক চৌধুরী বলেন, গত অর্থবছরে সৌদি ২ এর পাতায় দেখুন

ঘুষ ছাড়াই চাকরি পেলেন ৫৭ তরুণ-তরুণী

টাকার বিনিময়ে চাকরি দেওয়া প্রমাণ হলে পদত্যাগ করবো: বিভাগীয় কমিশনার

কীর্তনখোলা রিপোর্ট

কোনো ধরনের তদবির ও আর্থিক লেনদেন ছাড়াই সরকারি চাকরিতে যোগদানের সুযোগ পেয়েছেন বরিশাল জেলা প্রশাসক কার্যালয়ের ৫৭ জন কর্মচারী। কেবল আবেদনপত্র বাবদ ৬০ টাকা ছাড়া কোনো চাকরিপ্রার্থীকে কোথাও এক টাকাও ঘুষ দিতে হয়নি বলে দাবি করেছেন বরিশাল বিভাগীয় কমিশনার মো. খলিল আহমেদ। বৃহস্পতিবার বিকেলে ২০তম গ্রেডে নবনিযুক্ত কর্মচারীদের নিয়ে বরিশাল জেলা প্রশাসক কার্যালয়ে আয়োজিত ওরিয়েন্টেশনে অংশ নিয়ে এই দাবি ২ এর পাতায় দেখুন

দুদকের অনুসন্ধানে সমস্যা নেই, তবে অভিযোগগুলো ভিত্তিহীন

আসিফ মাহমুদ

কীর্তনখোলা ডেস্ক

নিজের বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনের (দুদক) অনুসন্ধান নিয়ে সাবেক যুব ও ক্রীড়া উপদেষ্টা ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া বলেছেন, দুদক অনুসন্ধান করতে চাইলে তাঁর কোনো সমস্যা নেই। তবে তাঁর বিরুদ্ধে ওঠা অভিযোগগুলো ভিত্তিহীন বলে দাবি করেছেন তিনি। বৃহস্পতিবার দুদকের অনুসন্ধানের বিষয়ে তাঁর সঙ্গে যোগাযোগ করা হলে তিনি এ মন্তব্য করেন। এর আগে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে তাঁর দায়িত্ব পালনের সময়ে কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ, পদোন্নতি ও বদলি-সংক্রান্ত তথ্য-নথি চেয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবের কাছে চিঠি পাঠায় দুদক। একই সঙ্গে ৩৮ জন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার চলতি দায়িত্ব অর্পণ, বাতিল ও পদায়ন-সংক্রান্ত ২ এর পাতায় দেখুন

বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে ঝালকাঠিতে মাছের পোনা অবমুক্ত করছেন কেন্দ্রিয় বিএনপির সাংগঠনিক সম্পাদক ও বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক বিলকিস আক্তার জাহান শিরীন-**কীর্তনখোলা**

বাংলাদেশ-চীনের সামরিক সহযোগিতা জোরদারে আলোচনা

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশ ও চীনের মধ্যে সামরিক ও প্রতিরক্ষা সহযোগিতা আরও জোরদারের বিষয়ে আলোচনা হয়েছে। বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) ঢাকা সেনানিবাসে সশস্ত্র বাহিনী বিভাগে প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে এম শামছুল ২ এর পাতায় দেখুন

এনআইডিসহ সকল পরিচয়পত্রের পরিবর্তে আসছে 'এক-আইডি'

কীর্তনখোলা ডেস্ক

দেশের সব নাগরিককে জন্মের পরই একক পরিচয়পত্র দেওয়ার উদ্যোগ নিয়েছে সরকার। 'ইউনিফায়েড ডিজিটাল আইডেনটিটি' বা 'এক-আইডি' নামের এই পরিচয়পত্রটি নাগরিকের সারা জীবনের জন্য স্থায়ী ও স্বতন্ত্র পরিচয় হিসেবে ব্যবহৃত হবে। স্বাস্থ্য, শিক্ষা ও সরকারি অন্যান্য সেবা গ্রহণের ক্ষেত্রে এই পরিচয়পত্র ব্যবহারের পরিকল্পনা করা হয়েছে। এ লক্ষ্যে তথ্য ও যোগাযোগপ্রযুক্তি বিভাগ নতুন একটি প্রকল্প হাতে নিয়েছে। 'ডিজিটাল সার্ভিস ট্রান্সফরমেশন ফর অ্যাকসেস অ্যান্ড রেজিলিয়েন্স' বা 'ডি-স্টার' নামের প্রকল্পটি বাস্তবায়ন করবে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল। ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

বরিশালে ২৪ ঘণ্টায় ৫৩ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড

কীর্তনখোলা রিপোর্ট

সাগরে সৃষ্ট সুস্পষ্ট লঘুচাপের প্রভাবে বরিশালে ২৪ ঘণ্টায় ৫৩ মিলিমিটার বৃষ্টিপাত হয়েছে। একই সঙ্গে সাগর উত্তাল থাকায় পায়রা সমুদ্রবন্দরকে ৩ নম্বর সতর্ক সংকেত এবং নদীবন্দরগুলোকে ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে। বরিশাল আবহাওয়া অধিদপ্তরের উচ্চ পর্যবেক্ষক মিলন হাওলাদার ২ এর পাতায় দেখুন

পিরোজপুরে ডাকাত দলের সরদার ও অজ্ঞান পার্টির মূলহোতা গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট

পিরোজপুরের একাধিক চাঞ্চল্যকর মামলার ঘটনায় জড়িত আন্তঃজেলা ডাকাত দলের সরদার ও অজ্ঞান পার্টি চক্রের মূলহোতা মো. চুন্নু মোল্লাকে (৩৫) গ্রেফতার করেছে র‍্যাব-৮। বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) দুপুরে ঝালকাঠি সদর থানা এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। চুন্নু মোল্লা নড়াইলের নড়াগাতি থানার ডহরবল্যাহাটি গ্রামের মো. ওহাব মোল্লার ৩ এর পাতায় দেখুন

বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে বৃক্ষরোপণ কর্মসূচিতে উপস্থিত মহানগর বিএনপির আহ্বায়ক মনিরুজ্জামান খান ফারুক ও সদস্য সচিব জিয়াউদ্দিন সিকদার জিয়া -**কীর্তনখোলা**

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

অর্থনীতির চাকাকে সচল রাখতে হবে

বিদ্যমান জ্বালানি সংকট কেবল জনজীবনকেই বিপর্যস্ত করছে না; দেশের ছোট, মাঝারি, বড়-সব শিল্পেই অর্থাৎ প্রায় পুরো শিল্প খাতেই এর প্রভাব পড়ছে। ফলে এ সংকট দেশের সামগ্রিক অর্থনীতির জন্য বড় ধরনের ঝুঁকি সৃষ্টি করছে। এর সঙ্গে যুক্ত হয়েছে ভারত থেকে বিদ্যুৎ সরবরাহকারী প্রতিষ্ঠান আদানি গ্রুপের খামখেয়ালি আচরণ, যা পরিস্থিতিকে আরও ঘোলাটে করে তুলেছে। প্রকাশিত এ সংক্রান্ত দুটি ভিন্ন প্রতিবেদনের তথ্যগুলো দেশের অর্থনীতির জন্য এক অশনিসংকেত। মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এমসিসিআই) আয়োজিত এক গোলটেবিল বৈঠকে জ্বালানি সংকটের যে চিত্র উঠে এসেছে, তা অত্যন্ত উদ্বেগজনক। গ্যাস ও বিদ্যুতের অভাবে সারা দেশের শিল্পকারখানাগুলোতে প্রতিদিন প্রায় ২ হাজার ৩৮৭ কোটি টাকার উৎপাদন ব্যাহত হচ্ছে। উৎপাদন খাতের প্রবৃদ্ধি ৩.৭১ শতাংশ থেকে কমে ২.৮৬ শতাংশে নেমে এসেছে। নতুন গ্যাস সংযোগের অভাবে প্রায় ৩৫ হাজার কোটি টাকার বিনিয়োগ আটকে আছে। নরসিংদী, গাজীপুর, নারায়ণগঞ্জসহ দেশের প্রধান শিল্পাঞ্চলগুলোতে শত শত কারখানা বন্ধ হয়ে গেছে অথবা সক্ষমতার অর্ধেকেরও কম উৎপাদনে চলছে। আমাদের জ্বালানি আমদানিনির্ভরতা গত ৪ বছরে ৪৭.৭ শতাংশ থেকে বেড়ে ৬২.৫ শতাংশে দাঁড়িয়েছে, যার ফলে আন্তর্জাতিক বাজারের যে কোনো অস্থিরতা সরাসরি আমাদের অর্থনীতিতে বড় ধরনের প্রভাব ফেলে। শিল্প খাতের এই ত্রাহি অবস্থার মধ্যেই 'মড়ার উপর খাঁড়ার ঘা' হয়ে দাঁড়িয়েছে ভারতের আদানি গ্রুপের বিদ্যুৎ সরবরাহ হ্রাস পাওয়া। তীব্র গরমে যখন দেশে বিদ্যুতের চাহিদা ব্যাপক, তখন গত ২৩ দিন ধরে আদানি গ্রুপ তাদের উৎপাদনক্ষমতার প্রায় অর্ধেক বিদ্যুৎ সরবরাহ করছে। ১ হাজার ৬০০ মেগাওয়াটের কেন্দ্র থেকে যেখানে ১ হাজার ৪০০ মেগাওয়াটের বেশি বিদ্যুৎ পাওয়ার কথা, সেখানে মিলছে মাত্র ৭৯০ থেকে ৯১৫ মেগাওয়াট। বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (পিডিবি) বারবার চিঠি দিলেও কয়লা ভিজে যাওয়া বা রেললাইন নষ্ট হওয়ার যুক্তি দেখানো হচ্ছে। এই বহুমুখী সংকট থেকে উত্তরণে এখন আর জোড়াতালি দেওয়া পদক্ষেপে কাজ হবে না। প্রথমত, শিল্প খাতকে বাঁচাতে হলে জ্বালানি সরবরাহে অগ্রাধিকার দিতে হবে। দেশের অর্থনীতির স্বার্থে প্রয়োজনে লোড ব্যবস্থাপনায় পরিবর্তন এনে কারখানাগুলোকে উৎপাদনের সুযোগ দিতে হবে। দ্বিতীয়ত, দীর্ঘমেয়াদি ও পূর্বানুমানযোগ্য একটি জ্বালানি নীতি প্রণয়ন করতে হবে। তৃতীয়ত, জ্বালানি খাতে আমদানিনির্ভরতা কমিয়ে দেশীয় গ্যাস অনুসন্ধান ও নবায়নযোগ্য জ্বালানির ওপর সর্বোচ্চ জোর দিতে হবে। চতুর্থত, বিদেশি প্রতিষ্ঠানের সঙ্গে করা অসম ও বিতর্কিত চুক্তিগুলো আইনি কাঠামোর মধ্যে পুনর্মূল্যায়ন করার সময় এসেছে। দেশের মানুষের করের টাকায় নিয়মিত বিল পরিশোধ করে আমরা কোনো বিদেশি কোম্পানির খামখেয়ালিপনার শিকার হতে পারি না। জাতীয় স্বার্থ রক্ষা, বিনিয়োগ সুরক্ষা এবং অর্থনীতির চাকাকে সচল রাখতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবিলম্বে স্বচ্ছ ও কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। নয়তো উৎপাদন, কর্মসংস্থান ও বিনিয়োগ-সবকিছুই এক গভীর অনিশ্চয়তার মুখে পড়বে, যার মাশুল দিতে হবে পুরো জাতিকে।

বরিশালজুড়ে ভয়াবহ আকার

বিভাগের সবচেয়ে এগিয়ে পিরোজপুর ও ঝালকাঠি। পিরোজপুরে আক্রান্ত হয়েছেন ১ হাজার ৮৩৬ জন এবং ঝালকাঠিতে ১ হাজার ৬২২ জন। এ ছাড়া বরগুনায় ৯২১, বরিশালে ৭১২, পটুয়াখালীতে ৬৬১ এবং ভোলায় ৩৫৯ জন ডেঙ্গু আক্রান্ত হয়েছেন। এর বাইরে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ৪১৮ জন এবং পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালে ২৬২ জন ডেঙ্গু রোগী চিকিৎসা নিয়েছেন। বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে সরেজমিনে দেখা যায়, ছয়টি পৃথক মেডিসিন ওয়ার্ডেই সাধারণ রোগীদের সঙ্গে ডেঙ্গু আক্রান্তদের চিকিৎসা দেওয়া হচ্ছে। অধিকাংশ ডেঙ্গু রোগীর শয্যায় নেই মশারি। হাসপাতাল থেকে মশারি না পাওয়ার অভিযোগ করেছেন রোগীরা। কেউ কেউ বাড়ি থেকে মশারি আনলেও তা টাঙানোর মতো কোনো ব্যবস্থা নেই। নেছারাবাদের বাসিন্দা তহমিনা বেগম ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। তিনি বলেন, হাসপাতাল থেকে কোনো মশারি দেয়নি। বাড়ি থেকে মশারি এনেছিলাম। কিন্তু টাঙানোর ব্যবস্থা না থাকায় বালিশের নিচে রেখে দিয়েছি। পিরোজপুরের কাঁঠালিয়া থেকে আসা মো. সোহবাহান গাজী বলেন, জ্বর না কমায় উপজেলা হাসপাতালে যাই। সেখান থেকে এখানে পাঠিয়েছে। চিকিৎসকেরা সব সময় মশারি টাঙিয়ে রাখতে বলেছেন। কিন্তু হাসপাতাল থেকে কোনো মশারি দেওয়া হয়নি। মেডিসিন বিভাগে চিকিৎসাধীন বাকেরগঞ্জের লাল মিয়ার অভিযোগ, ডেঙ্গু রোগীদের সঙ্গে সাধারণ রোগীদের একই জায়গায় রাখা হচ্ছে। তিনি বলেন, ডেঙ্গু রোগী আর সাধারণ রোগী একসঙ্গে থাকলে তাদের মাধ্যমে আমরাও আক্রান্ত হতে পারি। ডেঙ্গু রোগীরা মশারি টাঙাচ্ছেন না। এভাবে একসঙ্গে থাকলে ভয় লাগে। মহিলা মেডিসিন ওয়ার্ডের রোগী কবিতা বেগম বলেন, তিন দিন ধরে তিনি হাসপাতালে চিকিৎসা নিচ্ছেন। তার পাশেই তিন-চারজন ডেঙ্গু রোগী চিকিৎসা নিচ্ছেন। ওয়ার্ডে মশার উপদ্রবও রয়েছে। ফলে ডেঙ্গুতে আক্রান্ত হওয়ার আতঙ্কে রয়েছেন তিনি। হাসপাতালের মেডিসিন ওয়ার্ডে দায়িত্ব পালনকারী নার্সরা অবশ্য বলছেন, রোগীদের মশারি না দেওয়ার কারণ অবহেলা নয়। তাদের দাবি, মশারি দিলেও অনেক রোগী তা ব্যবহার করেন না। পরে সুস্থ হয়ে বাড়ি ফেরার সময় সঙ্গে করে নিয়ে যান। নার্সদের ভাষ্য, মশারির হিসাব দিতে হয়। কোনো মশারি পাওয়া না গেলে ওয়ার্ড ইনচার্জ বা সংশ্লিষ্ট নার্সদের কৈফিয়ত দিতে হয়। এ কারণে মশারি বিতরণে অনীহা তৈরি হয়েছে। তাদের আরও দাবি, শয্যাগুলোর দুই পাশে মশারি টাঙানোর পর্যাপ্ত জায়গাও নেই। ফলে মশারি থাকলেও সব রোগীকে তা দেওয়া সম্ভব হয় না। বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের মুখপাত্র ডা. মাজহারুল রেজওয়ান রেজা বলেন, হাসপাতালে পর্যাপ্ত মশারি রয়েছে এবং প্রতিটি মেডিসিন ওয়ার্ডেই মশারি দেওয়া হয়েছে। তবে রোগীদের মশারি দেওয়ার ক্ষেত্রে নার্সদের মধ্যে কিছুটা অনীহা রয়েছে। তিনি বলেন, 'রোগীরা সুস্থ হয়ে মশারি বাড়িতে নিয়ে যান। এটা নিয়ে নার্সদের কৈফিয়ত দিতে হয়।' হাসপাতালে ডেঙ্গু রোগীর জন্য আলাদা ওয়ার্ড না থাকার বিষয়েও তিনি বলেন, আগস্ট থেকে ডিসেম্বর পর্যন্ত ডেঙ্গুর প্রকোপ বেশি থাকে। কিন্তু পর্যাপ্ত জায়গা না থাকায় ছয়টি মেডিসিন ওয়ার্ডে আলাদা কর্নার করে ডেঙ্গু রোগীদের চিকিৎসা দিতে হচ্ছে। তার ভাষ্য, অনেক রোগীকে বেড দেওয়া সম্ভব হচ্ছে না। আবার বেডের সঙ্গে মশারি টাঙানোর স্ট্যান্ড না থাকায় ডেঙ্গু রোগীদের মশারি ব্যবহার করানোও সম্ভব হচ্ছে না। এতে ডেঙ্গু রোগীদের মাধ্যমে অন্য রোগীদের আক্রান্ত হওয়ার ঝুঁকি রয়েছে। বিষয়টি কীভাবে সমাধান করা যায়, সে বিষয়ে ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে কথা বলবেন বলে জানান তিনি।

বাংলাদেশ-চীনের সামরিক সহযোগিতা

ইসলামের সঙ্গে বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েনের সৌজন্য সাক্ষাৎকালে এ আলোচনা হয়। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সাক্ষাতে দুই দেশের বিদ্যমান সামরিক ও প্রতিরক্ষা সহযোগিতা আরও বেগবান ও সুদৃঢ় করার বিষয়ে উভয়পক্ষ মতবিনিময় করেন। বিশেষ করে দুই দেশের সশস্ত্র বাহিনীর সদস্যদের উন্নত পেশাগত প্রশিক্ষণ, সামরিক শিক্ষা বিনিময় এবং প্রযুক্তিগত সক্ষমতা বৃদ্ধির বিষয়ে ফলপ্রসূ আলোচনা হয়। আধুনিক সামরিক চ্যালেঞ্জ মোকাবিলায় পারস্পরিক অভিজ্ঞতা বিনিময় ও প্রশিক্ষণ সহযোগিতা বাড়ানোর মাধ্যমে বাংলাদেশ-চীন দ্বিপাক্ষিক সম্পর্ক আরও এগিয়ে যাবে বলে বৈঠকে আশাবাদ ব্যক্ত করা হয়। প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা দুই দেশের দীর্ঘদিনের ঐতিহাসিক বন্ধুত্ব ও কৌশলগত অংশীদারত্বের কথা তুলে ধরেন। একই সঙ্গে বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রায় চীনের সহযোগিতার কথা স্মরণ করে ভবিষ্যতে এ সহযোগিতা আরও বাড়বে বলে আশা প্রকাশ করেন তিনি। বৈঠকে চীনের রাষ্ট্রদূত বাংলাদেশের প্রতিরক্ষা খাতের আধুনিকায়নে চীনের অব্যাহত সমর্থনের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। সাক্ষাতে উভয়পক্ষ ভবিষ্যতে দুই দেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ও পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট প্রতিরক্ষা সহযোগিতা আরও নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

এনআইডিসহ সকল পরিচয়পত্রের

২০২৬ থেকে ২০৩১ সাল পর্যন্ত প্রকল্পটি বাস্তবায়নের সময়কাল নির্ধারণ করা হয়েছে। অনুমোদনের জন্য প্রকল্পটি পরিকল্পনা কমিশনে পাঠানো হয়েছে। বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) বিষয়টি নিশ্চিত করেছেন তথ্য ও প্রযুক্তি বিভাগের সচিব মামুনুর রশীদ ভূঞা। বর্তমানে দেশে জন্মের পর শিশুদের জন্মনিবন্ধন সনদ দেওয়া হয়। ১৮ বছর বয়স হলে দেওয়া হয় জাতীয় পরিচয়পত্র বা এনআইডি। তবে নতুন ব্যবস্থায় বয়সের কোনো সীমা থাকবে না। জন্মের পরই নাগরিককে একক পরিচয়পত্র দেওয়ার পরিকল্পনা রয়েছে। এই পরিচয়পত্র চালু হলে সরকারি বিভিন্ন দপ্তরে নাগরিককে একই তথ্য বারবার দেওয়ার প্রয়োজন হবে না। তথ্য ও যোগাযোগপ্রযুক্তি বিভাগের কর্মকর্তারা বলছেন, একক পরিচয়পত্র চালু হলে ধীরে ধীরে বিদ্যমান বিভিন্ন কার্ডের কার্যকারিতা এই কার্ডের মধ্যে একীভূত করার পরিকল্পনা রয়েছে। জাতীয় পরিচয়পত্র, ফ্যামিলি কার্ড ও কৃষক কার্ডের মতো বিভিন্ন কার্ডের মাধ্যমে পাওয়া সেবাও ভবিষ্যতে এক-আইডির মাধ্যমে দেওয়ার পরিকল্পনা করা হয়েছে। তবে বিষয়টি এখনো চূড়ান্ত হয়নি। জানা গেছে, একক পরিচয়পত্র তৈরিতে যুক্তরাষ্ট্র, সিঙ্গাপুর, এস্তোনিয়া ও ভারতের অভিজ্ঞতা বিবেচনায় নেওয়া হচ্ছে। তথ্য ও প্রযুক্তি উপদেষ্টা রেহান আসিফ আসাদ নতুন এই ব্যবস্থার ধারণাকে 'একজন নাগরিক, একটি ডিজিটাল পরিচয়, একটি ওয়ালেট' হিসেবে তুলে ধরেছেন। অর্থাৎ একজন নাগরিকের একটি পরিচয়পত্র থাকবে, যা হবে তার ডিজিটাল পরিচয় এবং এর মাধ্যমে ডিজিটাল লেনদেনের সুবিধাও পাওয়ার পরিকল্পনা রয়েছে। তবে নতুন পরিচয়পত্রে কী কী তথ্য থাকবে, তা এখনো নির্ধারণ করা হয়নি। প্রকল্পের প্রাথমিক প্রস্তাব অনুযায়ী, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সর্বশেষ জনশুমারির তথ্যের ভিত্তিতে দেশের প্রায় ১৮ কোটি নাগরিকের জন্য পরিচয়পত্র তৈরির পরিকল্পনা করা হয়েছে। তবে কার্ড উৎপাদন ও মুদ্রণ করা হবে ২০ কোটি। জানা গেছে, প্রতিটি পলিকার্বোনেট চিপ কার্ড উৎপাদন ও মুদ্রণে ব্যয় ধরা হয়েছে দুই মার্কিন ডলার, যা বর্তমান হিসাবে প্রায় ২৪৬ টাকা। এর বাইরে প্রতিটি কার্ড বিতরণ ও সরবরাহে ব্যয় ধরা হয়েছে এক মার্কিন ডলার বা প্রায় ১২৩ টাকা। অর্থাৎ উৎপাদন, মুদ্রণ, বিতরণ ও সরবরাহ মিলিয়ে প্রতিটি কার্ডে মোট ব্যয় হবে প্রায় ৩৬৯ টাকা। প্রকল্পটির মোট ব্যয় ধরা হয়েছে ৯ হাজার ১৯৩ কোটি টাকা। এর মধ্যে সরকার দেবে ৭ হাজার ৬৬৩ কোটি টাকা এবং বিশ্বব্যাংকের ঋণ থেকে আসবে ১ হাজার ৫৩০ কোটি টাকা। প্রকল্পের সবচেয়ে বড় ব্যয় হবে কার্ড উৎপাদন, মুদ্রণ, বায়োমেট্রিক তথ্য সংগ্রহ ও বিতরণে। এ খাতে মোট ৭ হাজার ৩৮০ কোটি টাকা ব্যয়ের প্রস্তাব করা হয়েছে। বর্তমানে দেশে জাতীয় পরিচয়পত্র, জন্মনিবন্ধন, পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স ও কর শনাক্তকরণ নম্বরসহ বিভিন্ন ধরনের পরিচয়পত্র ও নম্বর চালু রয়েছে। বিশেষজ্ঞদের মতে, এসব তথ্যভান্ডারের মধ্যে কার্যকর আন্তসংযোগ তৈরি করা গেলে নাগরিকদের একই তথ্য বারবার সংগ্রহের প্রয়োজন হবে না। এতে সরকারি সেবা গ্রহণে নাগরিকদের ভোগান্তি কমবে এবং সেবাদানের প্রক্রিয়াও আরও সহজ ও কার্যকর হতে পারে।

আপনাদের কলমের খোঁচায় যেনো

বলেন, কোনো নীতিমালা করে মানুষকে ভালো করা যায় না, হয়তো নীতিমালা করে আমি আইনের আওতায় আনতে পারবো। আপনাকে নৈতিকভাবে মাথায় রাখতে হবে আপনার একটা অর্ধসত্য ও স্বল্পজ্ঞান বা যেটা আপনি আরও জানা উচিত– এ ধরনের কোনো সংবাদের কারণে কোনো মানুষ তাদের রেপুটেশন থেকে আরম্ভ করে তার যেন কোনো কিছু না হয়। আবার কারো বেশি প্রসংশা ও যেন না হয়। গণতন্ত্রের একটা স্তম্ভ হিসেবে আপনাদের (সাংবাদিকদের) দায়িত্ব বেড়ে গেছে। সাইবার বুলিং বাড়ছে জানিয়ে তথ্যমন্ত্রী বলেন, এখন মানুষ একটা সত্য নিউজ দেখলেও এটা ফেক নিউজ কিনা তা চেক করো। রাজনীতিবিধ হিসেবে আমাদের সোশ্যাল মিডিয়া টলারেন্সের জায়গা আরও বাড়াতে হবে। এখন সবার হাতে স্মার্ট মোবাইল ফোন, গণতন্ত্র ও বাক-স্বাধীনতার নামে কী ধরনের শব্দ ব্যবহার হয় সেটাও গত ২-৩ বছরে দেখেছি। সবমিলিয়ে আমি বলবো না আমরা একটা খারাপ পরিস্থিতির মধ্যে আছি, বাস্তব পরিস্থিতির মধ্যে আছি। আমরা সম্পূর্ণ আলাদা পরিস্থিতির মধ্যে আছি, মানুষের মানসিকতা পরিবর্তন হয়েছে। সাংবাদিকদের উদ্দেশে তিনি বলেন, আমি আপনাদেরকে এটাই বলবো- আপনারা যখন লিখবেন আমাদের সমালোচনা করবেন, আমাদের কাজগুলো কোথায় কোথায় ঠিকমতো হচ্ছে সে বিষয়গুলো তুলে আনবেন। ভোলায় আমাদের দেওয়া বরাদ্দ ও কাজগুলো ঠিকমতো হচ্ছে কিনা সে বিষয়গুলো আমাদের জানাবেন। আমাদেরকে নিয়ে সংবাদ প্রকাশ করবেন আমাদেরকে সাহায্য করার জন্য, যাতে আমরা সঠিকভাবে কাজটা করতে পারি। আপনি আমাকে পছন্দ করেন না, সেখান থেকে যেন সংবাদ না হয়। আমরা সবাই মিলে একসাথে কাজ করবো। ভোলায় মাদক এখন সবচেয়ে বড় ইস্যু জানিয়ে তথ্যমন্ত্রী ব্যারিস্টার আন্দালিব রহমান পার্থ বলেন,আমাদের তরুণ সমাজ এবং সমাজের অবক্ষয় যেভাবে এখানে হচ্ছে আমি মনে করি প্রত্যেকটা ইউনিয়নে কমিউনিটি পুলিশিং করে সেখান থেকেও প্রশাসনকে সাহায্য করা উচিত- মাদক কে কিভাবে ভোলায় নিয়ে আসে। এবং মাদক নির্মূলে সমাজের গণ্যমান্যদের নিয়ে কমিটি গঠনের কথাও জানান তিনি। এছাড়া মতবিনিময় সভায় ভোলার সার্বিক উন্নয়নে সরকারের নেওয়া বিভিন্ন পদক্ষেপের কথাও জানান মন্ত্রী। মতবিনিময় সভায় ভোলা প্রেসক্লাবের সভাপতি অ্যাডভোকেট নজরুল হক অনুর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক নাসির উদ্দীন লিটনের সঞ্চালনায় আরও বক্তব্য দেন ভোলার জেলা প্রশাসক ডা. শামীম রহমান, পুলিশ সুপার মো. শহিদুল্লাহ কাওছার। ভোলার প্রবীণ সাংবাদিক এম আবু তাহের ও শওকত হোসেন। এছাড়াও ভোলা জেলা বিজেপির সভাপতি আমিরুল ইসলাম রতন, ভোলা জেলা বিএনপির সদস্য সচিব রাইসুল আলমসহ জামায়াতে ইসলামী ও ইসলামী আন্দোলনের নেতৃবৃন্দ বক্তব্য দেন।

টাকার বিনিময়ে চাকরি দেওয়া প্রমাণ

করেন তারা। বিনা তদবির ও কোনো প্রকার অর্থ লেনদেন ছাড়া চাকরি পেয়ে আবেগাপ্লুত হয়ে পড়েন যোগদানকৃত এসব তরুণ-তরুণী। ইতিপূর্বে জেলা প্রশাসক কার্যালয়ের প্রতিটি নিয়োগ প্রক্রিয়া নিয়ে বিতর্ক, ব্যাপক আলোচনা ও অর্থ লেনদেনের অভিযোগ উঠলেও সদ্য সমাপ্ত ৫৭ জনের এই নিয়োগ প্রক্রিয়া পুরোপুরি বিতর্কের ঊর্ধ্বে ছিল। সূত্র জানায়, বিগত সময়ে জেলা প্রশাসক কার্যালয়ের একাধিক পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলেও নানান জটিলতায় তা সম্পন্ন হয়নি। এমনকি ওই নিয়োগের বিপরীতে বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট দপ্তরে ফেরত না দিয়ে আত্মসাতেরও অভিযোগ উঠেছিল ডিসির সাবেক সিএ মামুন ও তৎকালীন পেশকারের বিরুদ্ধে। তবে গত ২০২৫ সালের ২৩ অক্টোবর বরিশাল জেলা প্রশাসক কার্যালয়, এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়গুলো এবং সার্কিট হাউসে ২০তম গ্রেডের ৮২টি পদে নতুন করে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। ৩০ অক্টোবর শুরু হয়ে ২৯ নভেম্বর পর্যন্ত অনলাইনে আবেদন গ্রহণ করা হয়। সম্প্রতি নিরপেক্ষ পরীক্ষার মাধ্যমে ৮২টি পদের মধ্যে ৫৭টিতে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করেন বিভাগীয় কমিশনার মো. খলিল আহমেদ। সাধারণত চাকরিপ্রার্থীদের একটি বড় অংশের ধারণা–চাকরি পাওয়া মানেই বড় অঙ্কের অর্থ লেনদেন। সেই বাস্তবতার সম্পূর্ণ বিপরীতে গিয়ে সম্পূর্ণ মেধার ভিত্তিতে কোনো টাকা ছাড়াই চাকরি পাওয়ার বিষয়টি এখন এলাকায় ব্যাপক আলোচনার জন্ম দিয়েছে। সদ্য চাকরিতে যোগ দেওয়া জুলহাস হোসেন, হাসি আক্তার ও মোহাম্মদ বুলবুল ইসলামসহ একাধিক কর্মচারী জানান, বিগত দিনে তাঁরা ৫ থেকে ৭ বার ভাইভা পরীক্ষায় অংশ নিলেও মেধা থাকা সত্ত্বেও চাকরি পাননি। তবে দীর্ঘ প্রতীক্ষার পর এবার কোনো প্রকার অর্থনৈতিক লেনদেন ও তদবির ছাড়াই চাকরি পাওয়ায় তারা মহাখুশি। কর্মজীবনে সর্বোচ্চ সততার সঙ্গে সাধারণ মানুষের সেবা করতে চান বলে জানান এই নবীন কর্মচারীরা। নিয়োগপ্রাপ্তদের দাবি, চাকরির জন্য কোনো ব্যক্তি, মধ্যস্থতাকারী বা অন্য কারও কাছে তাদের একচুলও ধরনা দিতে হয়নি। এ বিষয়ে বরিশাল জেলা প্রশাসক মোহাম্মদ মামুন তালুকদার বলেন, কোনো প্রকার তদবির ও অর্থনৈতিক লেনদেন ছাড়া যে সরকারি চাকরি পাওয়া সম্ভব, সদ্য যোগদানকারী এই তরুণ-তরুণীরাই তার সবচেয়ে বড় প্রমাণ। আর কেউ না জানুক, যারা চাকরি পেয়েছেন, কেবল তাঁরাই জানেন কীভাবে সম্পূর্ণ স্বচ্ছতার সঙ্গে এই প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। এ প্রসঙ্গে বিভাগীয় কমিশনার মো. খলিল আহমেদ বলেন, আমি কোনো প্রকার চাপের কাছে মাথা নত করিনি। বরিশালে যোগদানের পর থেকে বরিশালসহ বিভাগের বিভিন্ন জেলায় শতাধিক নিয়োগ সম্পন্ন করেছি। কেউ যদি প্রমাণ করতে পারেন যে টাকার বিনিময়ে একটিও চাকরি দেওয়া হয়েছে, তবে আমি চাকরি ছেড়ে দেব।" তিনি আরও বলেন, "২০২৪ সালের জুলাইয়ের গণঅভ্যুত্থানের মূল আকাঙ্ক্ষা ও সুফল আজ বাস্তবে পেলেন এই সদ্য নিয়োগপ্রাপ্তরা। সততার সঙ্গে কর্মক্ষেত্রে দায়িত্ব পালনের মধ্য দিয়ে তাঁরা দেশ ও জাতির সেবা করবেন বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

এক বছরে সৌদি থেকে

আরব থেকে সবচেয়ে বেশি রেমিট্যান্স এসেছে। ২০২৪-২৫ অর্থবছরে দেশটি থেকে ৪ হাজার ২৬৪ দশমিক ৩৬ মিলিয়ন ডলার এলেও ২০২৫-২৬ অর্থবছরে তা বেড়ে দাঁড়িয়েছে ৫ হাজার ৮৪৮ দশমিক ৮৭ মিলিয়ন ডলারে। দ্বিতীয় সর্বোচ্চ রেমিট্যান্স এসেছে যুক্তরাজ্য থেকে। দেশটি থেকে ২০২৪-২৫ অর্থবছরে ৩ হাজার ১৬৮ দশমিক ৫৯ মিলিয়ন ডলার রেমিট্যান্স এলেও ২০২৫-২৬ অর্থবছরে তা বেড়ে হয়েছে ৫ হাজার ৭১ দশমিক ৯৯ মিলিয়ন ডলার। এ ছাড়া সংযুক্ত আরব আমিরাত থেকে রেমিট্যান্স ৪ হাজার ১৬৮ দশমিক ১৭ মিলিয়ন ডলার থেকে বেড়ে ৪ হাজার ৫৮৩ দশমিক ৯১ মিলিয়ন ডলার, মালয়েশিয়া থেকে ২ হাজার ৮০৪ দশমিক ৮২ মিলিয়ন থেকে বেড়ে ৩ হাজার ৪০৩ দশমিক ৬৫ মিলিয়ন ডলার হয়েছে। ওমান থেকে রেমিট্যান্স ১ হাজার ৬৬৪ দশমিক ৭৩ মিলিয়ন ডলার থেকে বেড়ে ২ হাজার ৪৮ দশমিক ১৫ মিলিয়ন ডলার এবং ইতালি থেকে ১ হাজার ৬৫২ দশমিক ৫৮ মিলিয়ন থেকে বেড়ে ২ হাজার ৫১ দশমিক ৫৩ মিলিয়ন ডলারে দাঁড়িয়েছে। কুয়েত থেকে রেমিট্যান্স ১ হাজার ৬২৩ দশমিক ৮৯ মিলিয়ন থেকে বেড়ে ১ হাজার ৭৬৩ দশমিক ৭৩ মিলিয়ন ডলার এবং কাতার থেকে ১ হাজার ২০৫ দশমিক ৩৮ মিলিয়ন থেকে বেড়ে ১ হাজার ৫৫৮ দশমিক ৫৩ মিলিয়ন ডলার হয়েছে। সিঙ্গাপুর থেকে রেমিট্যান্স ৯৮৯ মিলিয়ন ডলার থেকে বেড়ে ১ হাজার ৪৯৩ দশমিক ৯২ মিলিয়ন ডলার, দক্ষিণ আফ্রিকা থেকে ৪০২ দশমিক ৯১ মিলিয়ন থেকে বেড়ে ৬৬৮ দশমিক ৭৩ মিলিয়ন ডলার হয়েছে। ফ্রান্স থেকে রেমিট্যান্স ৩৩৫ দশমিক ৫৯ মিলিয়ন ডলার থেকে বেড়ে ৪৭১ দশমিক ৪৪ মিলিয়ন ডলার এবং গ্রিস থেকে ১৮৫ দশমিক ১১ মিলিয়ন থেকে বেড়ে ২০৩ দশমিক ৮২ মিলিয়ন ডলারে দাঁড়িয়েছে। এ ছাড়া জর্ডান থেকে রেমিট্যান্স ১৬৮ দশমিক ১৭ মিলিয়ন ডলার থেকে বেড়ে ২৪৬ দশমিক ৩৬ মিলিয়ন ডলার এবং অস্ট্রেলিয়া থেকে ১৯৭ দশমিক ৯ মিলিয়ন থেকে বেড়ে ২৫৮ দশমিক ১৬ মিলিয়ন ডলারে উন্নীত হয়েছে। সার্বিকভাবে রেমিট্যান্স বাড়লেও কয়েকটি গুরুত্বপূর্ণ দেশ থেকে এর প্রবাহ কমেছে। সবচেয়ে বড় পতন হয়েছে যুক্তরাষ্ট্র থেকে। ২০২৪-২৫ অর্থবছরে যুক্তরাষ্ট্র থেকে ৪ হাজার ৭৩৩ দশমিক ১৩ মিলিয়ন ডলার রেমিট্যান্স এলেও ২০২৫-২৬ অর্থবছরে তা কমে ৩ হাজার ৩৩ দশমিক ১৫ মিলিয়ন ডলারে নেমেছে। অর্থাৎ এক বছরে দেশটি থেকে রেমিট্যান্স কমেছে প্রায় ৩৫ দশমিক ৯ শতাংশ। কানাডা থেকেও রেমিট্যান্স কমেছে। ২০২৪-২৫ অর্থবছরে দেশটি থেকে ২২০ দশমিক ৯৮ মিলিয়ন ডলার এলেও পরের অর্থবছরে তা কমে হয়েছে ১১০ দশমিক ৫৫ মিলিয়ন ডলার, যা প্রায় ৫০ শতাংশ কম। এ ছাড়া মালদ্বীপ থেকে রেমিট্যান্স ১৪১ দশমিক ০৯ মিলিয়ন ডলার থেকে কমে ১১৭ দশমিক ৯৪ মিলিয়ন ডলার এবং মরিশাস থেকে ১৪৩ দশমিক ৭১ মিলিয়ন ডলার থেকে কমে ৮২ দশমিক ৩৫ মিলিয়ন ডলারে দাঁড়িয়েছে।

দুদকের অনুসন্ধানে সমস্যা

নথিও চাওয়া হয়েছে। বৃহস্পতিবার দুদকের উপপরিচালক ও অনুসন্ধান দলের নেতা মো. জাহিদ কালামের সই করা চিঠিটি পাঠানো হয়। চিঠিতে ১০ সেপ্টেম্বরের মধ্যে এসব তথ্য ও নথি সরবরাহ করতে বলা হয়েছে। এ বিষয়ে জানতে চাইলে আসিফ মাহমুদ বলেন, 'দুদক অনুসন্ধান করতে চাইলে কোনো সমস্যা নেই। তবে এসব অভিযোগ ভিত্তিহীন। আমাকে হেয় প্রতিপন্ন করার উদ্দেশ্যে পরিকল্পিতভাবে এসব করা হচ্ছে।' এর আগে বুধবার আসিফ মাহমুদসহ চারজনের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ অনুসন্ধান শুরুর কথা জানায় দুদক। অভিযোগের মধ্যে রয়েছে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের পদোন্নতি ও বদলির ক্ষেত্রে ঘুষ নেওয়া এবং সিন্ডিকেটের মাধ্যমে দরপত্র ও কেনাকাটায় অনিয়ম। দুদকের ভাষ্য অনুযায়ী, ৩৮ জন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার চলতি দায়িত্ব বাতিল ও পদায়নের জন্য ৭৬ লাখ টাকা, ১৫০ জন সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার পদোন্নতির জন্য ১ কোটি ৫ লাখ টাকা এবং পদোন্নতির পর পছন্দমতো পদায়নের জন্য আরও প্রায় দুই কোটি টাকা ঘুষ নেওয়ার অভিযোগ রয়েছে। এসব অভিযোগ অনুসন্ধানে দুদকের উপপরিচালক মো. জাহিদ কালামের নেতৃত্বে চার সদস্যের বিশেষ দল কাজ করছে। অনুসন্ধান দলের অন্য সদস্যদের মধ্যে রয়েছেন সাবেক যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মো. মাহবুব-উল-আলম, যুগ্ম সচিব শেখ মোহাম্মদ জোবায়েদ হোসেন ও উপসচিব মো. মাসুম আহমেদ। তবে নিজের বিরুদ্ধে ওঠা অভিযোগের 'প্রাথমিক সত্যতা' পাওয়ার বিষয়ে দুদকের বক্তব্য প্রত্যাহারের দাবি জানিয়েছেন আসিফ মাহমুদ। এক সংবাদ সম্মেলনে তিনি জানান, ২৪ ঘণ্টার মধ্যে বক্তব্য প্রত্যাহার না করলে তিনি আইনি ব্যবস্থা নেবেন।

বিচারবহির্ভূত হত্যা ও মিথ্যা

ও গণতান্ত্রিক অধিকার সমুন্নত রাখতে কাজ করে যাচ্ছে উল্লেখ করে রাষ্ট্রপতি বিচারবহির্ভূত হত্যা, জনগণকে হয়রানি ও মিথ্যা মামলা বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার জন্য পুলিশকে নির্দেশনা দেন। সাক্ষাৎকালে আইজিপি রাষ্ট্রপতিকে পুলিশ বাহিনীর মনোবল দৃঢ় রাখতে এবং বাহিনীর আধুনিকায়ন ও ডিজিটালাইজেশনে গৃহীত বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। তিনি দায়িত্ব পালনে রাষ্ট্রপতির সার্বিক সহযোগিতা কামনা করেন। রাষ্ট্রপতি সার্বিক সহযোগিতার আশ্বাস দেন।

ট্রাইব্যুনালে নাশকতার শঙ্কা

কাছে রয়েছে বলে জানিয়েছেন চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। অন্য একটি তদন্তে সাংবাদিক দম্পতি সাগর সরওয়ার ও মেহেরুন রুনি হত্যাকাণ্ডের বিষয়ে একটি সূত্র পাওয়া গেছে বলেও জানান তিনি। বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) নিজ কার্যালয়ে আয়োজিত এক ব্রিফিংয়ে তিনি এ কথা জানান। চিফ প্রসিকিউটর বলেন, 'আমাদের ট্রাইব্যুনালের নিরাপত্তা আগের চেয়ে বৃদ্ধি করা হয়েছে। যখনই প্রভাবশালী আসামিদের বিরুদ্ধে বিচার প্রায় শেষ পর্যায়ে চলে যাচ্ছে অথবা রায় অপেক্ষমাণ আছে, ঠিক সেই মুহূর্তে এখানে স্যাবোটাজ (নাশকতা) করার একটা প্রক্রিয়া থাকতে পারে বলে আমাদের কাছে কিছু গোপন তথ্য আছে।' তিনি বলেন, ট্রাইব্যুনালের নিরাপত্তা জোরদারে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে। তারাই নিরাপত্তাসংক্রান্ত কার্যক্রম দেখছেন। মানবতাবিরোধী অপরাধে সহযোগিতা ও উসকানির অভিযোগে কয়েকজন সাংবাদিকের বিরুদ্ধে তদন্ত চলছে বলেও জানান চিফ প্রসিকিউটর। মো. আমিনুল ইসলাম বলেন, কিছু সাংবাদিকের বিরুদ্ধে একটি আনুষ্ঠানিক অভিযোগ পাওয়া গেছে। অভিযোগটি রেজিস্ট্রি করে তদন্ত শুরু হয়েছে। এরই ধারাবাহিকতায় তিন সাংবাদিক বর্তমানে কারাগারে রয়েছেন। তিনি বলেন, তদন্তে অন্য কোনো সাংবাদিকের বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধের প্রাথমিক উপাদান পাওয়া গেলে এবং তদন্ত প্রতিবেদনে অপরাধের প্রমাণ উঠে এলে তাদের বিরুদ্ধেও আনুষ্ঠানিক অভিযোগ দাখিল করে ট্রাইব্যুনালে বিচারের ব্যবস্থা করা হবে। সাংবাদিক দম্পতি সাগর সরওয়ার ও মেহেরুন রুনি হত্যা মামলার বিষয়ে চিফ প্রসিকিউটর বলেন, অন্য একটি তদন্তে এই হত্যাকাণ্ডের বিষয়ে একটি সূত্র পাওয়া গেছে। তিনি বলেন, তদন্তের সময় সাগর-রুনি হত্যা-সংক্রান্ত আরও কোনো তথ্য বা আনুষঙ্গিক প্রমাণ পাওয়া গেলে সেগুলো সংগ্রহ করে সংশ্লিষ্ট তদন্ত কর্মকর্তাদের কাছে দেওয়া হবে। এদিকে সাবেক তথ্যমন্ত্রী হাসানুল হক ইনুর মামলার রায়ের পূর্ণাঙ্গ কপি হাতে পাওয়ার পর তার সাজা বাড়ানোর জন্য আপিল করা হবে বলে জানিয়েছেন চিফ প্রসিকিউটর। তিনি বলেন, রায়ের পূর্ণাঙ্গ কপি পাওয়ার পর তা পর্যালোচনা করে সাজা বাড়ানোর বিষয়ে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ নেওয়া হবে।

জনগণের ভোগান্তি নিরসনে

পর্যন্ত লং মার্চে এনসিপি অংশ নিচ্ছে বলে জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্য সচিব আখতার হোসেন। বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। আখতার হোসেন বলেন, '১১ দলীয় ঐক্যের ব্যানারে আগামী ৫ সেপ্টেম্বর আমরা ঢাকা থেকে চট্টগ্রাম পর্যন্ত লং মার্চের সিদ্ধান্ত নিয়েছি। সে লং মার্চ কীভাবে বাস্তবায়ন করা হবে, সেখানে জাতীয় নাগরিক পার্টি এনসিপির অংশগ্রহণ কীভাবে হবে, সে বিষয় নিয়ে আজকে আমাদের একটি মিটিং ছিল। আমাদের আহ্বায়ক নাহিদ ইসলামের সভাপতিত্বে জাতীয় নাগরিক পার্টি এনসিপির সকল অঙ্গ ও সহযোগী সংগঠন এবং তাদের সকল নেতাদের সঙ্গে নিয়ে আমরা সিদ্ধান্তগুলো গ্রহণ করেছি। আমরা সামগ্রিকভাবে বাংলাদেশের বর্তমান যে প্রেক্ষাপট দেখছি, তাতে করে জনভোগান্তি নিরসন করা এবং গণভোটের রায় বাস্তবায়ন করা, সেই লক্ষ্য নিয়েই আমরা এই লং মার্চে উপস্থিত হচ্ছি।' এনসিপির সদস্য সচিব বলেন, 'সরকার গঠন করার ছয় মাস সময় অতিক্রান্ত হয়ে গেছে। কিন্তু এই ছয় মাস সময়কালজুড়ে সরকার গণভোটের রায় বাস্তবায়ন করছে না, সরকার জনগণের নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম নিয়ন্ত্রণে রাখতে পারছে না, জনগণের জন্য নিত্যপ্রয়োজনীয় বিদ্যুৎ, তেল, গ্যাস ও সারের সরবরাহ করতে পারছে না। আইনশৃঙ্খলা পরিস্থিতিও ভালো না ।' তিনি বলেন, 'জনগণের যে দাবি-দাওয়াগুলো রয়েছে, সেগুলো নিয়ে আমরা সংসদে কথা বলছি। কিন্তু এখনো পর্যন্ত সরকারের তরফ থেকে এই দাবি-দাওয়াগুলোকে গ্রাহ্য করার মতো মানসিকতা প্রদর্শন করা হয়নি।' জ্বালানি সংকট প্রসঙ্গে আখতার হোসেন বলেন, 'সরকার ক্ষমতায় আসার পরে জ্বালানির দাম বাড়ানো হয়েছে। কয়েক দফা বিদ্যুতের দাম বাড়ানো হয়েছে। কিন্তু তারপরেও এখন ঘরে ঘরে লোডশেডিং। গ্রামাঞ্চলগুলোতে দিনে ১২ থেকে ১৪ ঘণ্টা পর্যন্ত লোডশেডিং থাকে। কোনো কোনো অঞ্চলে তার থেকেও বেশি সময় লোডশেডিং থাকে।' 'এটা চাক্ষুষ অভিজ্ঞতা থেকে বলছি। নিজে গ্রামে গিয়েছিলাম। গ্রামের মানুষের অভিজ্ঞতা থেকে বলছি। গ্রামের কৃষকরা এখন সার পাচ্ছেন না। অথচ এখন এমন মৌসুম চলছে যে এ মৌসুমে কৃষকরা যদি সার না পান, তাহলে তারা ফসল উৎপাদন করতে ব্যাহত হবেন এবং আমাদের কিন্তু না খেয়ে মরতে হবে। এ ধরনের পরিস্থিতি তৈরি হতে পারে।' তিনি আরও বলেন, 'গ্যাসের সংকট, যার কারণে শিল্প-কারখানাগুলো বন্ধ হয়ে যাচ্ছে। অনেক জায়গাগুলোতেই যারা পারিবারিকভাবে রান্নাবান্নার কাজে গ্যাসের ওপর নির্ভরশীল থাকেন, সে মানুষগুলো একটা দারুণ ভোগান্তির মধ্যে পড়েছেন। সামগ্রিকভাবে জ্বালানি সেক্টরটাতে সরকার চূড়ান্ত একটা ব্যর্থতার পরিচয় দিয়েছে এবং তারা সবসময় এই ব্যর্থতাকে আড়াল করার একটা চেষ্টা করছে।' সরকারের বক্তব্যের সমালোচনা করে আখতার হোসেন বলেন, 'এমন ধরনের কথা তারা বলেছে যে বিদ্যুতের নাকি সংকট নেই, লোডশেডিং নাকি হয় না। বরং এক পোল থেকে আরেক পোলে বিদ্যুৎ যেতে যে সময়টা প্রয়োজন হয়, সেই সময়ের আধিক্যের কারণে নাকি এক স্থান থেকে অন্য স্থানে বিদ্যুৎ পৌঁছাতে যে দেরি হয়, সেটাকেই নাকি লোডশেডিং বলা হচ্ছে। এটা জনগণের ভোগান্তি আড়াল করে, জনগণের সত্যিকারের সংকটকে আমলে না নেওয়ার মানসিকতার একটি বহিঃপ্রকাশ।' আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে তিনি বলেন, 'আমরা এটা খেয়াল করে দেখেছি, আইনশৃঙ্খলা পরিস্থিতি একটা নাজুক অবস্থার মধ্যে রয়েছে। বিভিন্ন জায়গায় চাঁদাবাজি, ছিনতাই, রাহাজানির মতো ঘটনা ঘটছে। এমনকি একজন শিক্ষিকা, যিনি ঢাকায় এসেছিলেন চিকিৎসা করানোর জন্য, সংসদ ভবনের সামনে ছিনতাইকারীর হামলায় তিনি রাস্তায় পড়ে আহত হলেন এবং তার জীবনের অবসান ঘটলো।' তিনি বলেন, 'এ ধরনের একটা পরিস্থিতি তৈরি হয়েছে যে বাংলাদেশের মানুষরা সংসদ ভবনের আশপাশের এলাকা থেকে শুরু করে প্রত্যন্ত গ্রামাঞ্চল পর্যন্ত কোথাও এখন আর নিরাপদভাবে বসবাস করতে পারছেন না।' 'বিভিন্ন জায়গাতেই আপনারা দেখবেন চাঁদাবাজির মতো ঘটনাগুলো ঘটছে। সেটা কোন পর্যায়ে গেছে যে চারণভূমিতে মহিষ চারণ করতে হলেও চাঁদা দিতে হবে। এ ধরনের একটি পরিবেশ-পরিস্থিতি বাংলাদেশে তৈরি করা হয়েছে।'

২০২৫ সালের তুলনায়

আহমদ। তিনি বলেন, পুলিশের কেন্দ্রীয়ভাবে সংরক্ষিত অপরাধচিত্রের পরিসংখ্যান ও জেলাভিত্তিক সমন্বিত তথ্য বিশ্লেষণ করেই এ মূল্যায়ন করা হয়েছে। বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। সাম্প্রতিক সময়ে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে সালাহউদ্দিন আহমদ বলেন, খুন, অপহরণ, ধর্ষণ, অস্ত্র মামলা, নারী নির্যাতনসহ বিভিন্ন অপরাধের মাসিক পরিসংখ্যান পুলিশ সদর দপ্তরে কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ ও নিয়মিত হালনাগাদ করা হয়। এসব তথ্যের সঙ্গে আগের বছরের পরিসংখ্যান তুলনা করে আইনশৃঙ্খলা পরিস্থিতি মূল্যায়ন করা হচ্ছে। তিনি বলেন, ২০২৫ সালের তুলনায় আমাদের আইনশৃঙ্খলা পরিস্থিতি অনেক ভালো, সংখ্যা দিয়ে দেখিয়েছি। এটা হচ্ছে আমাদের সরকারি সূত্র। আপনারা চাইলে যাচাই করতে পারেন। অন্য কোনো সরকারি কর্মকর্তা বা উপদেষ্টার বক্তব্যের সঙ্গে পুলিশের তথ্যের বিরোধ তৈরি না করার আহ্বান জানিয়ে মন্ত্রী বলেন, কারও কাছে ভিন্ন কোনো পরিসংখ্যান থাকলে তা যাচাইয়ের জন্য পুলিশকে দিতে হবে। শিশু নিখোঁজের জিডি ১৫ হাজারের মতো হয়েছে এবং আগের সময়ের তুলনায় তা বেড়েছে সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী ওই তথ্যের সূত্র জানতে চান। তিনি বলেন, সেই কাগজটা আমাদের দেন, তথ্যটা আমরা একটু যাচাই করে দেখি। আমাদের সূত্র এটা নয়। স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, পুলিশ সদর দপ্তরে প্রতিটি জেলা থেকে মাসিক অপরাধের তথ্য সংগ্রহ করা হয়। পরে সেগুলো কেন্দ্রীয়ভাবে সংকলন করে সারাদেশের অপরাধচিত্র তৈরি করা হয় এবং নিয়মিত তা পর্যবেক্ষণ করা হয়। তিনি বলেন, আমি কথা বলব ডাটাভিত্তিক, প্রমাণভিত্তিক, আমাদের পুলিশের রেকর্ডভিত্তিক। সে ডাটাটা আপনারা যাচাই করতে পারবেন। আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে সরকার কতটা সন্তুষ্ট এ প্রশ্নের জবাবে তিনি বলেন, বর্তমান চিত্রে সরকার সন্তুষ্ট হলেও জনগণের প্রত্যাশা অনুযায়ী পরিস্থিতি আরও উন্নত করতে সময় লাগবে।

ট্রিলিয়ন ডলারের অর্থনীতি

নয়, বরং একটি পরিকল্পনা বলে উল্লেখ করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) ইস্টার্ন রিফাইনারি লিমিটেডের (ইআরএল) আধুনিকায়ন ও সম্প্রসারণ প্রকল্পে ইসলামি উন্নয়ন ব্যাংকের (আইডিবি) অর্থায়ন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি মোস্তফা জুলফিকার হাসান এ তথ্য জানান। প্রধানমন্ত্রী বলেন, 'আজ আমরা একটি মাইলফলক উদযাপন করছি। আমরা ইস্টার্ন রিফাইনারি লিমিটেডের আধুনিকায়ন ও সম্প্রসারণের জন্য অর্থায়ন চুক্তি স্বাক্ষর করছি। এটি শুধু একটি লেনদেন নয়। এটি একটি বার্তা যে, ইসলামি উন্নয়ন ব্যাংক বাংলাদেশের ওপর আস্থা রাখে।' তিনি এ চুক্তি বাস্তবায়নে কাজ করা অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ইআরএল এবং ঢাকায় আইডিবির আঞ্চলিক হাবের প্রতি কৃতজ্ঞতা জানান। তিনি বলেন, তাদের কঠোর পরিশ্রমেই এই চুক্তি সম্পন্ন হয়েছে। আইডিবির চেয়ারম্যান ড. মুহাম্মদ সুলায়মান আল জাসেরের বাংলাদেশ সফরকে স্বাগত জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশ তাকে ও তার পদকে সর্বোচ্চ মর্যাদা দেয়। বাংলাদেশে আসার জন্য তিনি ড. আল জাসেরের প্রতি গভীর কৃতজ্ঞতা জানান। ড. আল জাসের আইডিবির চেয়ারম্যান পুনর্নির্বাচিত হওয়ায় অভিনন্দন জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, গত পাঁচ বছরে তার দূরদর্শী নেতৃত্বে ব্যাংকটি সদস্য দেশগুলো ও মুসলিম উম্মাহর জন্য গুরুত্বপূর্ণ সাফল্য অর্জন করেছে। তার দ্বিতীয় মেয়াদে আরও বড় অর্জন হবে বলে বাংলাদেশ আত্মবিশ্বাসী। এ লক্ষ্য অর্জনে বাংলাদেশ সরকারের পক্ষ থেকে আইডিবির সঙ্গে পাশাপাশি কাজ করার প্রত্যাশার কথাও জানান প্রধানমন্ত্রী। তারেক রহমান বলেন, কয়েক দশক ধরে আইডিবি বাংলাদেশের পাশে রয়েছে। বাংলাদেশ এই ব্যাংকের প্রতিষ্ঠাতা সদস্য হতে পেরে গর্বিত। এই সদস্যপদ শুধু অর্থায়নের বিষয় নয়; এর ভিত্তি হলো আস্থা, সংহতি ও মুসলিম উম্মাহর সদস্য হিসেবে অভিন্ন লক্ষ্য। প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশে নতুন সরকার এসেছে এবং নতুন দিকনির্দেশনা তৈরি হয়েছে। 'আমাদের লক্ষ্য ২০৩৪ সালের মধ্যে এক ট্রিলিয়ন ডলারের অর্থনীতি গড়ে তোলা। এটি কোনো স্লোগান নয়। এটি একটি পরিকল্পনা। রপ্তানি, বিনিয়োগ ও আর্থিক শৃঙ্খলার মাধ্যমে এই দশকে আমাদের অর্থনীতির আকার দ্বিগুণ করতে চাই আমরা,' বলেন তিনি। বাংলাদেশকে এ অঞ্চলের উৎপাদন কেন্দ্র ও প্রবেশদ্বারে পরিণত করার লক্ষ্য তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, পোশাকখাত বাংলাদেশের প্রথম প্রবৃদ্ধির গল্প তৈরি করেছে। এখন ইলেকট্রনিকস, ওষুধ, হালকা প্রকৌশল ও সবুজ শিল্প পরবর্তী প্রবৃদ্ধির গল্প তৈরি করবে। তিনি বলেন, সরকার এমন কারখানা চায়, যেগুলো কর্মসংস্থান তৈরি করবে এবং এমন কর্মসংস্থান চায়, যা মানুষের মর্যাদা তৈরি করবে। তারেক রহমান জানান, সরকার ফ্যামিলি কার্ড ও কৃষক কার্ড চালু করেছে এবং হেলথ কার্ডের কার্যক্রম প্রক্রিয়াধীন। এসব উদ্যোগের মাধ্যমে নাগরিকদের সরাসরি সহায়তা দেওয়া হচ্ছে।

বরিশালে ২৪ ঘণ্টায় ৫৩

জানান, সুস্পষ্ট লঘুচাপের প্রভাবে উপকূলীয় এলাকায় বৃষ্টিপাতের পাশাপাশি সাগর উত্তাল রয়েছে। এ কারণে মাছ ধরার ট্রলার ও নৌযানগুলোকে গভীর সাগরে না যেতে সতর্ক করা হয়েছে। আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, পায়রা সমুদ্রবন্দরকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত এবং নদীবন্দরগুলোকে ১ নম্বর সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। বৃষ্টির কারণে নগরীর বিভিন্ন সড়কে জলাবদ্ধতা ও যান চলাচলে কিছুটা ধীরগতি দেখা দিয়েছে। আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, লঘুচাপের প্রভাবে বরিশালসহ উপকূলীয় এলাকায় আরও বৃষ্টিপাত হতে পারে।

ধেয়ে আসছে 'অতি শক্তিশালী'

জানিয়েছে, এল নিনোর কারণে বিশ্বের বিভিন্ন অঞ্চলে আবহাওয়ার ধরনে বড় পরিবর্তন দেখা দিতে পারে। কোথাও তীব্র খরা ও দাবানল, আবার কোথাও অতিবৃষ্টি, বন্যা ও শক্তিশালী ঘূর্ণিঝড়ের ঝুঁকি বাড়বে। এর সঙ্গে মানবসৃষ্ট জলবায়ু পরিবর্তনের প্রভাব যুক্ত হয়ে পরিস্থিতি আরও ভয়াবহ করতে পারে। জাতিসংঘের মহাসচিব গুতেরেস বলেন, এল নিনো 'আমাদের চোখের সামনে আরও বড় আকার ধারণ করছে'। পৃথিবী এখন এমন এক অজানা পরিস্থিতির দিকে যাচ্ছে, যেখানে তাপমাত্রা ক্রমেই বাড়ছে। বিশ্ব আবহাওয়া সংস্থা জানিয়েছে, প্রশান্ত মহাসাগরের গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণ এলাকায় সমুদ্রপৃষ্ঠের তাপমাত্রা ইতোমধ্যে স্বাভাবিকের চেয়ে ২ ডিগ্রি সেলসিয়াসের বেশি বেড়েছে। পূর্বাভাস অনুযায়ী, আগামী কয়েক মাসে এই ব্যবধান প্রায় ৪ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছাতে পারে। দক্ষিণ-পূর্ব এশিয়া, মধ্য আমেরিকা ও দক্ষিণ আমেরিকার উত্তরাঞ্চলে স্বাভাবিকের চেয়ে কম বৃষ্টিপাতের আশঙ্কা রয়েছে। এতে খরা ও দাবানলের ঝুঁকি বাড়তে পারে। অন্যদিকে পূর্ব আফ্রিকা, দক্ষিণ ব্রাজিল ও যুক্তরাষ্ট্রের দক্ষিণাঞ্চলের কিছু এলাকায় অতিবৃষ্টির কারণে বন্যার শঙ্কা রয়েছে। ডব্লিউএমও মহাসচিব সেলেস্তে সাওলো সতর্ক করে বলেছেন, এল নিনো বিশ্বজুড়ে বিভিন্ন জনগোষ্ঠী ও অর্থনীতির ওপর বড় ধরনের আঘাত হানতে পারে। পরিস্থিতি মোকাবিলায় আগাম সতর্কতা ও প্রস্তুতি জোরদারের আহ্বান জানিয়েছে সংস্থাটি।

বাউফলে ইয়াবাসহ দুই মাদক

জানা যায়, বাউফলে নওমালা ইউনিয়নের ৪নং ওয়ার্ডের বটকাজল এলাকার মো. ফয়সাল মৃধার বাড়ির সামনের পাকা রাস্তার ওপর মাদকদ্রব্য ইয়াবা ট্যাবলেট কেনাবেচা চলছে–এমন গোপন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালানো হয়। এ সময় মো. ফয়সাল মৃধা পিতা-মো. রফিক মৃধা, মো. রুবেল হোসেনকে পিতা-মো. ইউনুছ মৃধা। দু'জনের কাজ থেকে মোট ১০০ পিস ইয়াবাসহ হাতেনাতে গ্রেফতার করা হয়। এ ঘটনায় বাউফল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ৩৬(১) সারণির ১০(ক) ধারায় একটি মামলা (নম্বর-০৫, তারিখঃ ০৩/০৯/২০২৬ খ্রিঃ, জিআর-৩১৭) রুজু করা হয়েছে। গ্রেফতারকৃত আসামিদের বিজ্ঞ আদালতে প্রেরণের প্রক্রিয়া চলছে বলে নিশ্চিত করেছেন বাউফল থানার অফিসার ইনচার্জ মো. সিরাজুল ইসলাম।

ঝালকাঠিতে ডেঙ্গু প্রতিরোধে

কর্মকর্তা-কর্মচারীরা। কর্মসূচির অংশ হিসেবে হাসপাতালের সামনের সড়ক ও আশপাশের এলাকায় জমে থাকা ময়লা-আবর্জনা পরিষ্কার করা হয়। একই সঙ্গে মশার প্রজননস্থল ধ্বংস, ড্রেন ও নালা পরিষ্কার এবং জনসাধারণকে পরিচ্ছন্নতার বিষয়ে সচেতন করা হয়। জেলা প্রশাসক মো. মমিন উদ্দিন বলেন, ডেঙ্গু প্রতিরোধে শুধু প্রশাসনের উদ্যোগ যথেষ্ট নয়। মশার প্রজননস্থল ধ্বংস করতে হলে নাগরিকদেরও নিজ নিজ বাড়ি ও আশপাশের পরিবেশ পরিষ্কার রাখতে হবে। কোথাও পানি জমতে দেওয়া যাবে না। সমন্বিতভাবে নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম চালানো হলে ডেঙ্গুসহ মশাবাহিত রোগের বিস্তার অনেকটাই নিয়ন্ত্রণ করা সম্ভব। কর্মসূচিতে সংশ্লিষ্টরা ডেঙ্গু প্রতিরোধে বাড়ির আশপাশ পরিষ্কার রাখা, ফুলের টব, পরিত্যক্ত পাত্র, ডাবের খোসা ও অন্যান্য স্থানে জমে থাকা পানি অপসারণ এবং নিয়মিত মশার প্রজননস্থল ধ্বংসের ওপর গুরুত্বারোপ করেন।

কবিরাজি চিকিৎসা নিতে গিয়ে

মাতুব্বর দীর্ঘদিন ধরে মানসিক সমস্যায় ভুগছিলেন। কবিরাজ নুরজাহানের দাবি, তার বাড়ি চিকিৎসা করাতে নিয়ে যাওয়ার পর থেকেই আরিফ আত্মহত্যার চেষ্টা করছিলেন। সকালে তিনি তাকে মৃত অবস্থায় মাটিতে পড়ে থাকতে দেখেন। এসময় তার হাতে দড়ি ছিল। দশমিনা থানার ওসি মো. আতিকুল ইসলাম বলেন,এ ঘটনায় অপমৃত্যুর মামলা হয়েছে। লাশ ময়না তদন্তের জন্য মর্গে প্রেরণ করা হয়েছে।

মহাসড়কে বাসের ধাক্কায়

দলুগাজীর মোড় এলাকায় পৌঁছলে বিপরীত দিক থেকে আসা দ্রুতগামী 'সিকদার পরিবহন'-এর একটি বাস তার মোটরসাইকেলকে ধাক্কা দেয়। এতে তিনি বাইক থেকে সড়কে ছিটকে পড়ে আঘাত পান এবং ঘটনাস্থলেই মারা যান। দুর্ঘটনার পরপরই বাসটি দ্রুত স্থান ত্যাগ করে। খবর পেয়ে পটুয়াখালী সদর থানা-পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে এবং দুর্ঘটনাকবলিত মোটরসাইকেলটি জব্দ করে। এই দুর্ঘটনার পর মহাসড়কে কিছুক্ষণ যান চলাচল ব্যাহত হলেও পুলিশি তৎপরতায় পরিস্থিতি দ্রুত স্বাভাবিক হয়। পটুয়াখালী সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মনিরুজ্জামান ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, মরদেহ উদ্ধার করে মর্গে পাঠানোর ব্যবস্থা করা হচ্ছে। বাস ও চালককে শনাক্ত করতে পুলিশের একাধিক দল কাজ করছে। এ বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন।

পিরোজপুরে বিএনপি নেতা

দেন তাঁরা। হিন্দু সম্প্রদায়ের প্রতিনিধি বাসুদেব সেন মানববন্ধনে বলেন, আবদুস ছালাম শেখ সব সময় এলাকার সকল সম্প্রদায়ের মানুষের নিরাপত্তা ও বিপদে-আপদে পাশে থেকেছেন। প্রশাসনের প্রতি সঠিক তদন্তের মাধ্যমে দ্রুত তাঁকে মুক্ত করার অনুরোধ জানান তিনি। মানববন্ধনে অন্যান্যের মধ্যে দুর্গাপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আব্দুস সালিকিন তপন, কদমতলা ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক মুকুল শেখ, ওয়ার্ড বিএনপি নেতা মো. রিয়াজ হোসেন উজ্জ্বল, মো. ফারুক শেখ, জাহিদ শেখ, ইদ্রিস মোল্লা, বাজার কমিটির সভাপতি মহসিন মোল্লা ও নারী প্রতিনিধি সুমি আক্তার বক্তব্য দেন। এতে দলীয় নেতাকর্মীসহ স্থানীয় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন।

ভাণ্ডারিয়ায় ভ্রাম্যমান আদালতে বায়ু

তার নিজ জমিতে ভবন নির্মানের জন্য ড্রেজার মেশিনে বালু ভরাট করার সময় অসাবধানবশত বালু পাশে জনচলাচলপূর্ণ রাস্তা এবং পাশের ড্রেন সয়লাভ হয়ে পড়ে। এতে স্কুল, কলেজগামী শিক্ষার্থী, পথচারী এবং যানবাহন চলাচলে চড়ম ভোগান্তীর শিকার হয়। পথচারীরা বিষয়টি উপজেলা নির্বাহী অফিসারকে জানালে তিনি সরেজমিনে এসে রাস্তার বালু অপসারন এবং বায়ু দুষণ হওয়ায় ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন। এবং রাস্তা পরিস্কার করে জনচলাচল স্বাভাবিক করার জন্য বালু অপসারন করিয়ে ফেলেন।

সাড়ে পাঁচ মাসে হামে

প্রতিবেদন অনুযায়ী, একই সময়ে দেশে হামের উপসর্গ দেখা দিয়েছে ১ লাখ ৬১ হাজার ১৪৮ জনের শরীরে। আর পরীক্ষার মাধ্যমে হাম শনাক্ত হয়েছে ১৯ হাজার ৫২৭ জনের। অর্থাৎ, হামের উপসর্গ ও নিশ্চিত হাম মিলিয়ে আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ১ লাখ ৮০ হাজার ৬৭৫ জনে। এ ছাড়া গত ২৪ ঘণ্টায় দেশে হামের উপসর্গ নিয়ে আরও তিনজনের মৃত্যু হয়েছে। একই সময়ে নতুন করে হামের উপসর্গ দেখা দিয়েছে ৯৬৪ জনের শরীরে। এ সময়ে পরীক্ষার মাধ্যমে আরও ৮০ জনের হাম শনাক্ত হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, হামের উপসর্গ নিয়ে এ সময়ে হাসপাতালে ভর্তি হয়েছে ১ লাখ ৪১ হাজার ৪৪৯ জন। এর মধ্যে চিকিৎসা নিয়ে সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছে ১ লাখ ৩৬ হাজার ৪০৫ জন।

মঠবাড়িয়ায় মাদকের জাল

দাবি, আগে যেখানে নির্দিষ্ট কিছু জায়গায় মাদক কেনাবেচার কথা শোনা যেত, এখন অনেকটা ছড়িয়ে পড়েছে অলিগলি পর্যন্ত। ফলে সন্তানদের নিয়ে দুশ্চিন্তায় রয়েছেন অভিভাবকরা। পুলিশের অভিযানে গত মে মাসে পৌরসভার আরামবাগ এলাকায় একটি তালাবদ্ধ ঘরে অভিযান চালিয়ে ৩০ কেজি গাঁজা উদ্ধার করে পুলিশ। পুলিশের দেওয়া তথ্য অনুযায়ী, উদ্ধার করা গাঁজার আনুমানিক বাজারমূল্য ছিল প্রায় ১৫ লাখ টাকা। এর এক মাস পর জুনে ঢাকা থেকে মঠবাড়িয়াগামী 'বিএম লাইন পরিবহন'-এর একটি বাসে তল্লাশি চালিয়ে ২ হাজার ৫টি ইয়াবা উদ্ধার করা হয়। এ ঘটনায় দুজনকে গ্রেপ্তার করা হয়। এছাড়াও বিভিন্ন সময়ে পুলিশের অভিযানে ইয়াবা ও গাঁজা উদ্ধারের ঘটনা ঘটেছে। এত বড় বড় চালান ধরা পরার পড়েও কেন মাদক নিমূল হচ্ছেনা, রাঘব বোয়ালদের আইনের আওতায় আনা যাচ্ছেনা জনমনে প্রশ্ন থেকে যায়। স্থানীয়দের অভিযোগ, খুচরা বিক্রেতা বা বহনকারীদের গ্রেপ্তার হলেও মাদকের বড় উৎস এবং সরবরাহের নেটওয়ার্ক ধরতে না পারলে অভিযান দীর্ঘমেয়াদে কতটা কার্যকর হবে, তা নিয়ে সংশয় রয়েছে। রুপনগর এলাকার বাসিন্দা মেহেদী হাসান বলেন, সন্তানকে ভালোভাবে মানুষ করার জন্য পরিবারের পক্ষ থেকে সর্বোচ্চ চেষ্টা করা হয়। কিন্তু আশপাশে মাদক সহজলভ্য থাকলে সেই চেষ্টা ব্যাহত হওয়ার আশঙ্কা থাকে। মাদকের প্রভাব শুধু একজন ব্যবহারকারীর মধ্যেই সীমাবদ্ধ থাকে না। এর প্রভাব পড়ছে পরিবার, শিক্ষা ও সামাজিক পরিবেশে। নেশার অর্থ জোগাড় করতে গিয়ে তরুণদের কেউ কেউ অপরাধে জড়িয়ে পড়ছে বলেও অভিযোগ রয়েছে। নাম প্রকাশে অনিচ্ছুক টি এন্ড টি রোডের এক গৃহিনী বলেন, চোখের সামনে দেখেছি মা-ছেলে মাদক বিক্রিতে জড়িত। এলাকার কিশোররা এতে জড়িয়ে পড়ছে। প্রতিবাদ করলে বিপদে পড়তে হবে তাই নিরব থাকি। পৌর বিএনপির সাধারণ সম্পাদক মিজানুর রহমান মিজান বলেন, মাদকের কারণে অনেক পরিবারে অশান্তি তৈরি হচ্ছে। শুধু মাদকসেবীদের আটক করলে সমস্যার সমাধান হবে না। যারা মাদক সরবরাহ করছে এবং এর পেছনে রয়েছে, তাদের চিহ্নিত করে আইনের আওতায় আনতে হবে। মঠবাড়িয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রবিউল ইসলাম বলেন, মাদকের বিরুদ্ধে পুলিশ 'জিরো টলারেন্স' নীতিতে কাজ করছে পুলিশ। অলিগলিতে মাদক বিক্রি বন্ধে বিশেষ অভিযান ও নিয়মিত টহল জোরদার করা হয়েছে। মাদক কারবারিদের শনাক্ত করে আইনের আওতায় আনতে পুলিশ সর্বদা তৎপর। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. আতাউর রাব্বি বলেন, মঠবাড়িয়ায় অল্প কয়েক দিন হলো দায়িত্ব নিয়েছি। মাদকের বিস্তার রোধে দ্রুত কার্যকর ব্যবস্থা নেওয়া হবে। পিরোজপুর-৩ আসনের সংসদ সদস্য রুহুল আমিন দুলাল বলেন, আগের সময়ের তুলনায় কিশোর গ্যাং ও মাদকের বিস্তার কমেছে। তবে এলাকায় মাদকের উপস্থিতির বিরুদ্ধে তাদের অবস্থান 'জিরো টলারেন্স'। মাদক কারবারিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। তবে স্থানীয়দের দাবি মঠবাড়িয়ায় একের পর এক অভিযানে মাদক উদ্ধার হচ্ছে। গ্রেপ্তারও হচ্ছে। কিন্তু অভিযানের পরও যদি নতুন চালান ঢোকে এবং নতুন বিক্রেতা তৈরি হয়, তাহলে শুধু খুচরা পর্যায়ে অভিযান চালিয়ে সমস্যার স্থায়ী সমাধান কতটা সম্ভব সেটিই এখন বড় প্রশ্ন।

খালুর প্ররোচনায় স্বামীর বিরুদ্ধে

স্ত্রীকে পরামর্শ দিয়ে আসছেন বলে তিনি অভিযোগ করেন। বাছেদের দাবি, মিলন লস্কর তার স্ত্রী লিমাকে তার (বাছেদের) টাকা-পয়সা নিজের কাছে গচ্ছিত রাখতে পরামর্শ দিতেন। শুধু তাই নয়, বিভিন্ন বিষয়ে এমন পরামর্শ দেওয়া হয়েছে, যার কারণে তাদের স্বামী-স্ত্রীর মধ্যে পারিবারিক বিরোধ সৃষ্টি হয়েছে বলেও অভিযোগ করেন তিনি। বাছেদ আরও অভিযোগ করেন, তার খালু শ্বশুর মিলন লস্কর তার স্ত্রীকে খারাপ পরামর্শ দিয়ে তাকে বাড়ি থেকে বের হয়ে যেতে উৎসাহিত করেছেন। এর ফলে তাদের সংসারে অশান্তি তৈরি হয়েছে বলে দাবি করেন তিনি। তিনি বলেন, "আমার স্ত্রীকে বিভিন্নভাবে পরামর্শ দিয়ে আমার কাছ থেকে দূরে সরিয়ে দেওয়ার চেষ্টা করা হয়েছে। আমার টাকা-পয়সা তার কাছে গচ্ছিত রাখতে বলা হয়েছে। এমনকি আমাকে ছেড়ে বাড়ি থেকে চলে যাওয়ার জন্যও পরামর্শ দেওয়া হয়েছে বলে আমি জানতে পেরেছি।" বাছেদ তার খালু শ্বশুর মিলন লস্করের বিরুদ্ধে এসব অভিযোগের সুষ্ঠু তদন্ত দাবি করেন। একই সঙ্গে তার বিরুদ্ধে আনা অভিযোগগুলোও তদন্ত করে প্রকৃত ঘটনা বের করার জন্য প্রশাসনের প্রতি আহ্বান জানান। সংবাদ সম্মেলনে বাছেদ বলেন, তার বিরুদ্ধে ও তার পরিবারের সদস্যদের বিরুদ্ধে যে অভিযোগ করা হয়েছে, তা অতিরঞ্জিত ও একপাক্ষিক। পারিবারিক বিরোধকে কেন্দ্র করে তাদের সামাজিকভাবে হেয় করার চেষ্টা করা হচ্ছে বলেও তিনি দাবি করেন। অন্যদিকে বাছেদের বড় ভাই বশার বলেন,অভিযোগপত্রে উল্লেখ করেন, গত ২৮ আগস্ট রাত আনুমানিক ২টার দিকে ছোট ভাইয়ের স্ত্রী লিমা বেগম বাড়ি থেকে তার চার বছর বয়সী ছেলেকে নিয়ে চলে যান। এ সময় ঘর থেকে নগদ টাকা ও স্বর্ণালংকার নিয়ে যাওয়ার অভিযোগও করা হয়। অভিযোগপত্রে নগদ ১ লাখ ৭৫ হাজার টাকা এবং বিভিন্ন স্বর্ণালংকারের কথা উল্লেখ করা হয়েছে। পারিবারিক বিষয়কে কেন্দ্র করে তাদের পরিবারের বিরুদ্ধে যেসব অভিযোগ করা হয়েছে, সেগুলোর সুষ্ঠু তদন্ত হওয়া প্রয়োজন। কোনো পক্ষের বক্তব্যের ওপর নির্ভর না করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে প্রকৃত ঘটনা যাচাই করার দাবি জানান তিনি। সংবাদ সম্মেলনে তারা আরও বলেন, তারা আইন নিজের হাতে তুলে নিতে চান না। প্রশাসনের প্রতি তাদের আস্থা রয়েছে। নিরপেক্ষ তদন্তের মাধ্যমে প্রকৃত ঘটনা উদঘাটন এবং কেউ দোষী হলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার দাবি জানান তারা। তবে বাছেদের এসব অভিযোগের বিষয়ে মিলন লস্করের বক্তব্য তাৎক্ষণিকভাবে পাওয়া যায়নি। তার বক্তব্য পাওয়া গেলে সংবাদে তা সংযোজন করা হবে।

অটোরিক্সা-নছিমনের মুখোমুখি

ছিলেন সবার ছোট। জানা গেছে, বৃহস্পতিবার দুপুরে ভোলার পিটিআই এলাকায় অটোরিকশা ও নছিমনের মধ্যে মুখোমুখি সংঘর্ষ হয়। এসময় রাশেদ নসিমনের নিচে চাপা পড়ে গুরুতর আহত হন। পরে তাকে দ্রুত উদ্ধার করে ভোলা সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। এদিকে রাশেদের মৃত্যুর খবর ছড়িয়ে পড়লে পরিবার ও স্বজনদের মধ্যে নেমে আসে শোকের ছায়া। স্বজনদের আহাজারিতে ভারী হয়ে ওঠেছে আশপাশের পরিবেশ। ভোলা সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

সাত মাসে ১৫ হাজার ৭১৭ শিশু

হয়েছে বলে সংবাদ প্রকাশিত হয়। এসব প্রতিবেদনে নিখোঁজ শিশুদের পরবর্তী অবস্থা, কতজন উদ্ধার হয়েছে বা পরিবারের কাছে ফিরে এসেছে, সে তথ্য উল্লেখ না থাকায় শিশু নিখোঁজের প্রকৃত চিত্র পূর্ণাঙ্গভাবে প্রতিফলিত হয়নি। তিনি বলেন, এ বিষয়ে জনমনে বিভ্রান্তি নিরসনে স্থানীয় পর্যায়ে সংশ্লিষ্ট থানার মাধ্যমে বিষয়টি যাচাই-বাছাই করা হয়েছে। যাচাইয়ে দেখা গেছে, জানুয়ারি থেকে জুলাই ২০২৬ পর্যন্ত শূন্য থেকে নয় বছর বয়সী শিশু নিখোঁজের ঘটনায় ৪৭৪টি সাধারণ ডায়েরি (জিডি) হয়েছে। এর মধ্যে ৪০৬ জনকে উদ্ধার করা হয়েছে, এখনো উদ্ধার হয়নি ৬৮ জন। অন্যদিকে, ১০ থেকে ১৭ বছর বয়সী শিশু নিখোঁজের ঘটনায় জিডি হয়েছে ১৫ হাজার ২৪৩টি। এর মধ্যে ১৩ হাজার ২৭৩ জনকে উদ্ধার করা হয়েছে। এখনো উদ্ধার হয়নি ১ হাজার ৯৭০ জন। পুলিশ সদরদপ্তরের তথ্য অনুযায়ী, এই সময়ে সব মিলিয়ে ১৫ হাজার ৭১৭ শিশু নিখোঁজের জিডির তথ্য পাওয়া গেছে। এর মধ্যে ১৩ হাজার ৬৭৯ জন উদ্ধার হয়েছে এবং ২ হাজার ৩৮ জন এখনো উদ্ধার হয়নি। অর্থাৎ নিখোঁজ শিশুদের প্রায় ৮৭ শতাংশই উদ্ধার হয়েছে। পুলিশ জানিয়েছে, শূন্য থেকে নয় বছর বয়সী শিশুরা সাধারণত পরিবারের সদস্যদের সঙ্গে অপরিচিত স্থানে ঘুরতে গিয়ে পথ ভুলে, পরিবারের সদস্যদের নাম-ঠিকানা বলতে না পারায় কিংবা একা বাসায় ফেরার সময় অন্যত্র চলে গিয়ে নিখোঁজ হয়। অন্যদিকে, ১০ থেকে ১৭ বছর বয়সী শিশু-কিশোরদের নিখোঁজ হওয়ার পেছনে অভিমান, পড়ালেখার চাপ, অনৈতিক কাজে জড়িয়ে পড়ার পর লজ্জার ভয়ে পালিয়ে থাকার কারণ পাওয়া গেছে। এছাড়া স্বাধীনভাবে জীবনযাপনের আকাঙ্ক্ষা, পরিবারের কাছ থেকে অর্থ বা অন্য কোনো সুবিধা আদায়ের চেষ্টা, পারিবারিক কলহ ও অশান্তি এবং বন্ধু বা সহপাঠীদের প্রভাবসহ বিভিন্ন কারণ রয়েছে বলেও জানিয়েছে পুলিশ। পুলিশ হেডকোয়ার্টার্স আরও জানিয়েছে, বর্তমানে পুলিশি সেবা সহজীকরণের অংশ হিসেবে অনলাইন জিডি সুবিধা চালু রয়েছে। এর ফলে সাধারণ ডায়েরির সংখ্যা উল্লেখযোগ্য হারে বেড়েছে। পুলিশের পরিসংখ্যান অনুযায়ী, ২০২৩ সালে নিখোঁজ সংক্রান্ত জিডি হয়েছিল ১৭ হাজার ৮০৮টি। ২০২৪ সালে এ সংখ্যা ছিল ১৬ হাজার ৪১৪। ২০২৫ সালে নিখোঁজ সংক্রান্ত জিডি হয়েছে ২২ হাজার ৫৫০টি।

মুলাদীতে বৃষ্টিতে কাদা-পানিতে একাকার

যাতায়াত করে। পিচ্ছিল ও কর্দমাক্ত রাস্তায় চলাচল করতে গিয়ে প্রায়ই তারা দুর্ঘটনার শিকার হচ্ছে। নষ্ট হচ্ছে বই-খাতা ও শিক্ষা উপকরণ। ফলে অনেক শিক্ষার্থী বাধ্য হয়ে স্কুলে যাওয়া থেকে বিরত থাকছে। এ ছাড়া সড়কের বেহাল অবস্থার কারণে কৃষিপণ্য পরিবহন ও জরুরি চিকিৎসাসেবা পাওয়াতেও প্রতিবন্ধকতা সৃষ্টি হয়েছে। অসুস্থ রোগীকে দ্রুত হাসপাতালে নেওয়া প্রায় অসম্ভব হয়ে দাঁড়িয়েছে বলে জানান স্থানীয়রা। জাগরনী বাজারের ব্যবসায়ী ইমরান হোসেন বলেন, সড়কে কাদামাটি থাকায় স্থানীয় বাসিন্দা, বাজারের ব্যবসায়ী ও প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা চরম ভোগান্তির শিকার হচ্ছেন। সড়কে যানবাহন চলাচল করতে না পারায় ব্যবসায়ীরা পণ্য পরিবহনেও সমস্যায় পড়েছেন। দীর্ঘদিন ধরে টেকসই সড়ক ও স্থায়ী সমাধানের দাবি জানিয়ে আসলেও দৃশ্যমান কোনো পদক্ষেপ নেওয়া হয়নি। সড়কটি পাকাকরণের জন্য একাধিকবার আবেদন করেও কোনো সুফল পাওয়া যায়নি। সেলিমপুর গ্রামের বাসিন্দা আব্দুল কাদের ঘরামী বলেন, 'গ্রামের কেউ অসুস্থ হলে গাড়িতে করে হাসপাতালে নেওয়ার কোনো উপায় নেই। খাট কিংবা চেয়ারে বসিয়ে কাঁধে করে রোগীকে নিয়ে যেতে হয়। সড়কের কিছু জায়গায় বালুর বস্তা, গাছ ও বাঁশ দিয়ে কোনো রকমে চলাচল করতে হচ্ছে।' স্থানীয়দের দাবি, যোগাযোগব্যবস্থার দুর্ভোগ দূর করে শিক্ষা, কৃষি ও সার্বিক জীবনযাত্রার মান স্বাভাবিক রাখতে সড়কটি দ্রুত ও টেকসইভাবে সংস্কার করা প্রয়োজন। বাটামারা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান মো. শহীদুল ইসলাম সিকদার বলেন, বাটামারা ইউনিয়নে মাত্র ৩ থেকে ৪ কিলোমিটার পাকা সড়ক রয়েছে। বাকি সড়কগুলোর বেশির ভাগই কাঁচা। বৃষ্টিতে এসব সড়ক চলাচলের অনুপযোগী হয়ে পড়ে। সেলিমপুর বাজার থেকে জাগরনী বাজার হয়ে আনন্দবাজার পর্যন্ত প্রায় ৮ কিলোমিটার সড়ক পাকাকরণের জন্য কয়েকবার আবেদন করা হয়েছিল। কিন্তু বরাদ্দ না পাওয়ায় সড়কটি সংস্কার বা পাকা করা সম্ভব হয়নি। এ বিষয়ে উপজেলা পরিষদের প্রশাসক ও মুলাদী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. গোলাম সরওয়ার বলেন, সরকারি বরাদ্দ ও অগ্রাধিকার ভিত্তিতে সড়ক সংস্কারের কাজ করা হচ্ছে। স্থানীয় সংসদ সদস্যের নির্দেশনায় দুর্গম এলাকার কাঁচা সড়কগুলো সংস্কারের উদ্যোগ নেওয়া হয়েছে। নতুন করে অর্থ বরাদ্দ পাওয়ার সঙ্গে সঙ্গে সেলিমপুর বাজার থেকে আনন্দবাজার পর্যন্ত সড়কটি সংস্কার করা হবে।

বরিশালে জাতীয়তাবাদী ক্রীড়া দলের নবগঠিত

পর্যায়ের খেলোয়াড় তৈরি করা যায়, সে লক্ষ্যেই ক্রীড়াঙ্গনে কার্যক্রম পরিচালনা করা হবে। বিশেষ করে নারী খেলোয়াড়দের খেলাধুলায় আরও সম্পৃক্ত করতে কাজ করার কথা জানান তিনি। তার ভাষায়, আন্তর্জাতিক মানের খেলোয়াড় আমরা যেন বরিশাল থেকে দিতে পারি, ক্রীড়াঙ্গনকে সেভাবেই গড়ে তুলতে কাজ করব। প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রতিশ্রুতি অনুযায়ী মেয়েদের খেলাধুলার ক্ষেত্রেও আমরা কাজ করে যাচ্ছি। বাংলাদেশ জাতীয়তাবাদী ক্রীড়া দলের বরিশাল জেলা কমিটি গত ৫ জুলাই ২০২৬ তারিখে গঠন করা হয়। বাংলাদেশ জাতীয়তাবাদী ক্রীড়া দল বরিশাল জেলার আসাদুজ্জামান খসরুকে আহ্বায়ক, আলমগীর হাসান সিনিয়র যুগ্ম আহ্বায়ক এবং মহিউদ্দিন রুবেলকে সদস্য সচিব হিসেবে ৭৫ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটি গঠন করা হয়েছে। কমিটির অন্যান্য সদস্যরা হলেন, মোঃ গোলাম ছারোয়ার সুমন, আনোয়ারুল হক তারিন, মিজানুর রহমান মিলন, জাহিদ হোসেন, আসাদুজ্জামান তৌহিদ, আরিফুর রহমান মুন্না প্রমুখ।কমিটিতে সাবেক জাতীয় ও বিভাগীয় পর্যায়ের ফুটবলার, ক্রিকেটার, ব্যাডমিন্টন খেলোয়াড়সহ বিভিন্ন ক্রীড়া সংগঠককে অন্তর্ভুক্ত করা হয়েছে। নবগঠিত ৭৫ সদস্যের এই কমিটিতে ক্রীড়াঙ্গনের অভিজ্ঞ ও সাবেক খেলোয়াড়দের পাশাপাশি সংগঠকদের সমন্বয় করা হয়েছে। কমিটির ঘোষণাপত্রে উল্লেখ করা হয়েছে, তালিকাভুক্ত সদস্যদের ক্রম পদমর্যাদা বা জ্যেষ্ঠতার নির্দেশক নয়। সভায় নেতৃবৃন্দ বলেন, বরিশালের ক্রীড়া অবকাঠামোর উন্নয়ন, তরুণ প্রতিভা অন্বেষণ, নারী খেলোয়াড়দের উৎসাহিত করা এবং জাতীয় পর্যায়ে বরিশালের প্রতিনিধিত্ব আরও শক্তিশালী করার লক্ষ্যে ধারাবাহিকভাবে কাজ করবে বাংলাদেশ জাতীয়তাবাদী ক্রীড়া দল বরিশাল জেলা কমিটি। পরিচিতি সভা শেষে বাংলাদেশ জাতীয়তাবাদী ক্রীড়া দল বরিশাল জেলার নবনির্বাচিত আহবায়ক কমিটির উদ্যোগে ক্রীড়াঙ্গন চত্বরে বৃক্ষ রোপন কর্মসূচি পালন করা হয়।

এক কেজি ইলিশ কিনতে

ইউনিয়নের জিনতলা গ্রামের জেলে কালাম সরদার আক্ষেপ করে বলেন, 'সাগরে গিয়ে শত শত, হাজার হাজার ইলিশ মাছ ধরি। কিন্তু দাদন, কিস্তি আর ঋণের কথা মনে পড়লেই আর মাছ খেতে পারি না। আমরা শুধু মাছ ধরি, কিন্তু খেতে পারি না। একই কথা অধিকাংশ জেলে ও খেটে খাওয়া মানুষের। মধ্যঘুটাবাছা গ্রামের ক্ষুদ্র কৃষক আফেজ উদ্দিন আক্ষেপ করে বলেন, ইলিশের ঘাঁটি পাথরঘাটায় আমরা ইচ্ছে করলেও ইলিশ কিনে খেতে পারি না। বাজারে ধানের দর ১২০০ টাকা। এজন্য আড়াই মণ ধান বিক্রি করে তবে একটা এক কেজির ইলিশ কেনা লাগে। এইটা আমাদের সাধ্যর বাইরে।' জেলেরা জানান, একটি ইলিশের পেছনে তাদের রয়েছে দীর্ঘ শ্রম ও জীবনের ঝুঁকি। গভীর সমুদ্রে মাছ ধরতে গিয়ে কখনও ঝড়-জলোচ্ছ্বাস, কখনও উত্তাল ঢেউ; আবার কখনও জলদস্যুর হামলার আশঙ্কা নিয়ে তাদের সাগরে থাকতে হয়। অনেক সময় দুর্ঘটনায় প্রাণও যায় জেলের। সম্প্রতি বঙ্গোপসাগরে মাছ ধরতে গিয়ে উত্তাল ঢেউয়ের কবলে পড়ে একটি মাছ ধরার ট্রলার উল্টে যায়। ট্রলারে থাকা ১৩ জেলের মধ্যে অন্য ট্রলারের সহায়তায় আটজনকে উদ্ধার করা সম্ভব হলেও মৃত্যু হয় পাঁচ জেলের। এমন দুর্ঘটনা উপকূলের জেলেদের জীবনে নতুন কিছু নয়। জেলেদের ভাষ্য, জীবনের ঝুঁকি নিয়ে সাগর থেকে মাছ ধরে আনলেও সেই মাছের ন্যায্য মূল্য ও নিজেদের খাদ্যনিরাপত্তা নিশ্চিত হয় না। আড়তদার ও মহাজনের দাদন, ঋণের কিস্তি, ট্রলারের খরচ আর সংসারের ব্যয় মেটাতে গিয়ে মাছ বিক্রি করে দিতে হয়। ফলে ইলিশের মৌসুম এলেও নিম্ন আয়ের জেলেদের ঘরে ইলিশের স্বাদ জোটে না। কালাম সরদারের মতো পাথরঘাটার বহু জেলের আক্ষেপ–যে মাছ ধরতে গিয়ে জীবন দিতে হয়, সেই মাছই পরিবারের সবাই মিলে খাওয়ার সামর্থ্য নেই।' তাদের কাছে ইলিশ এখন আর শুধু মাছ নয়; এটি তাঁদের জীবিকার প্রতীক। আবার একইসঙ্গে দারিদ্র্য ও ঋণের নির্মম বাস্তবতারও প্রতিচ্ছবি।

আল-আকসা মসজিদে ইসরাইলি

জানানো হয়েছে। একই সময়ে ইসরাইলি বাহিনীর আগ্রাসনে দুজন ফিলিস্তিনি নিহত এবং পাঁচ শিশুসহ ১১৪ জন আটক হয়েছেন। এক সংবাদ প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে আনাদোলু এজেন্সি। প্রতিবেদন অনুযায়ী, ইসরাইলি পুলিশের প্রত্যক্ষ সুরক্ষায় পুরো আগস্ট মাসজুড়েই আল-আকসা চত্বরে ও এর গেটের আশপাশে দখলদারদের হানা এবং ইহুদি ধর্মীয় আচার পালনের ঘটনা অব্যাহত ছিল। এর মধ্যে গত ১৩ আগস্ট একদিনেই রেকর্ড সংখ্যক ৭৫১ জন দখলদার সাইটটিতে প্রবেশ করেন। পাশাপাশি ফিলিস্তিনি নাগরিকদের আল-আকসায় প্রবেশে বাধা দিতে পাঁচটি নিষেধাজ্ঞা জারি করে ইসরাইলি কর্তৃপক্ষ। সামরিক দমনপীড়নের অংশ হিসেবে এই সময়টায় ফিলিস্তিনিদের ওপর চালানো বিভিন্ন হামলায় দুজন নিহত ও ৮৩ জন আহত হয়েছেন। এ ছাড়া ফিলিস্তিনি ও তাদের সম্পত্তির ওপর দখলদারদের ৪৪টি হামলা নথিভুক্ত করা হয়েছে। জেরুজালেমজুড়ে বাড়িঘর ও সম্পদ ধ্বংসের ৪০টি অভিযান চালানোর পাশাপাশি ৮৬টি ভাঙচুর বা কাজ বন্ধের নোটিশ জারি করেছে ইসরাইলি কর্তৃপক্ষ। ইসরাইলি গণমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, আগামী ২৭ অক্টোবর অনুষ্ঠিতব্য নেসেট নির্বাচনকে সামনে রেখে কট্টর ডানপন্থী দলগুলোকে খুশি করতেই উত্তেজনা বাড়ানোর চেষ্টা করছেন প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। ফিলিস্তিনিদের অভিযোগ, আল-আকসা মসজিদ চত্বরসহ অধিকৃত জেরুজালেমকে ইহুদীকরণ এবং এর আরব ও ইসলামিক পরিচয় মুছে ফেলার জন্যই এসব চক্রান্ত চলছে। ফিলিস্তিনিরা তাদের প্রস্তাবিত স্বাধীন রাষ্ট্রের রাজধানী হিসেবে পূর্ব জেরুজালেমকে বহুদিন যাবত দাবি করে আসছে। উল্লেখ্য, ২০২৩ সালের অক্টোবর থেকে গাজায় ইসরাইলি আগ্রাসন শুরু হওয়ার পর থেকেই জেরুজালেমসহ অধিকৃত পশ্চিম তীরের বিভিন্ন শহর ও শরণার্থী শিবিরে নিয়মিত সামরিক অভিযান, গ্রেফতার এবং ফিলিস্তিনিদের ওপর হামলা আগের তুলনায় বহুগুণ বেড়ে গেছে।

আমাদের নজরদারি এড়িয়ে ইরানিরা

ইরানের কেউ 'বাথরুমেও যেতে পারে না' যুক্তরাষ্ট্রের নজরদারি এড়িয়ে- এমন মন্তব্যও করেছেন তিনি। হোয়াইট হাউজের ওভাল অফিসে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় ট্রাম্প আরও বলেন, ইরানের সঙ্গে সর্বশেষ উত্তেজনা দীর্ঘস্থায়ী হবে বলে তিনি মনে করেন না। তবে প্রয়োজন হলে যুক্তরাষ্ট্র যে কোনো সময় ইরানে আবারও হামলা চালাতে প্রস্তুত বলেও সতর্ক করেন তিনি। ট্রাম্পের এসব মন্তব্যের আগে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে জুলাইয়ের পর সবচেয়ে বড় পাল্টাপাল্টি হামলার ঘটনা ঘটে। এতে ইরানে অন্তত ১৮ জন নিহত ও প্রায় ১০৮ জন আহত হয়েছেন। তেহরানের দাবি, যুক্তরাষ্ট্র ইরানের দক্ষিণ উপকূলের বিভিন্ন এলাকায় হামলা চালিয়েছে। এসব এলাকার মধ্যে অবরুদ্ধ হরমুজ প্রণালির কাছের এলাকাও রয়েছে। ইরানের ভাষ্য অনুযায়ী, কুহেস্তাক শহরের একটি বিয়ের অনুষ্ঠানে হামলা চালিয়েছে মার্কিন বাহিনী। মার্কিন হামলার পর ট্রাম্প বলেন, আমরা তাদের খুব জোরে আঘাত করেছি। তার দাবি, এখন যুক্তরাষ্ট্র হরমুজ প্রণালির নিয়ন্ত্রণে রয়েছে। কৌশলগতভাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ এই নৌপথটি গত ছয় মাস ধরে ইরান কার্যত বন্ধ করে রেখেছে বলে যুক্তরাষ্ট্রের দাবি। ট্রাম্প বলেন, প্রতিদিন যুক্তরাষ্ট্রের সহায়তায় বিপুলসংখ্যক জাহাজ হরমুজ প্রণালি দিয়ে বের হচ্ছে ও এর মাধ্যমে প্রতিদিন লাখ লাখ ব্যারেল তেল পরিবহন করা হচ্ছে। তার ভাষ্য, বেশির ভাগ ক্ষেত্রেই এসব কার্যক্রম কোনো বড় ধরনের বাধা ছাড়াই চলছে। তবে মাঝেমধ্যে ইরান ড্রোনে হামলা চালালে যুক্তরাষ্ট্র তা ভূপাতিত করছে বলেও দাবি করেন তিনি। ট্রাম্প বলেন, আমাদের নিয়ন্ত্রণ রয়েছে। খুব শক্ত নিয়ন্ত্রণ।

পিরোজপুরে ডাকাত দলের সরদার

ছেলে। র‌্যাব জানায়, গত ২৫ আগস্ট ভোরে পিরোজপুর সদর উপজেলার এমরান শেখের বাড়িতে ৬-৭ জনের একটি ডাকাত দল দেশীয় অস্ত্রের ভয় দেখিয়ে ঘরে থাকা ৪ লাখ ৭৩ হাজার ২০০ টাকা ও অন্যান্য মালামাল লুট করে নিয়ে যায়। এ ঘটনায় পিরোজপুর সদর থানায় ডাকাতির মামলা হয়। এ ছাড়া গত ২ আগস্ট পিরোজপুর জেলা হাসপাতালের সামনে ইজিবাইকচালক মো. আবু বক্করকে কোমল পানীয়ের সঙ্গে চেতনানাশক ওষুধ খাইয়ে অজ্ঞান করে তার ইজিবাইক ও মোবাইল ফোন নিয়ে যাওয়ার অভিযোগ রয়েছে চক্রটির বিরুদ্ধে। এ ঘটনায়ও সদর থানায় মামলা হয়। র‌্যাব-৮ জানায়, মামলা হওয়ার পর চুন্নু মোল্লা এলাকা ছেড়ে আত্মগোপনে চলে যান। গোয়েন্দা তথ্য ও তথ্যপ্রযুক্তির সহায়তায় তার অবস্থান শনাক্ত করে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। গ্রেপ্তার চুন্নু মোল্লাকে পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য পিরোজপুর সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

জ্বালানি আমদানিতে ব্যয় বাড়তে পারে ৩৫ হাজার কোটি টাকা

কীর্তনখোলা ডেস্ক

আন্তর্জাতিক বাজারে তেল, গ্যাস ও কয়লার দাম বর্তমান পর্যায়ে থাকলে ২০২৬ সালে বাংলাদেশের জ্বালানি খাতে আমদানি ব্যয় গত বছরের (২০২৫ সালের) তুলনায় সর্বোচ্চ ২৮০ কোটি মার্কিন ডলার বা প্রায় ৩৫ হাজার কোটি টাকা বাড়তে পারে। এতে দেশের বাণিজ্য ঘাটতি, মূল্যস্ফীতি ও টাকার ওপর চাপ আরও বাড়ার আশঙ্কা রয়েছে। মূলত এলএনজি আমদানি নির্ভরতার কারণে এ সংকট ঘনীভূত হয়েছে। আন্তর্জাতিক গবেষণা সংস্থা জিরো কার্বন অ্যানালিটিকস (জেডসিএ)-এর এক বিশ্লেষণে এ তথ্য উঠে এসেছে। বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) প্রকাশিত সংস্থাটির হিসাবে, চলতি বছর জীবাশ্ম জ্বালানি আমদানি ব্যয় ২০২৫ সালের তুলনায় প্রায় ৩০ শতাংশ বেশি হতে পারে। বাড়তি এই ব্যয় বাংলাদেশের মোট বাণিজ্য ঘাটতির প্রায় ১০ শতাংশের সমান। জেডসিএ বলছে, জ্বালানির বর্তমান দাম অব্যাহত থাকলে আমদানি ব্যয় মেটানোর সক্ষমতা কমে বাংলাদেশের আমদানি কভার ৫ দশমিক ৭ মাস থেকে ৫ দশমিক ২ মাসে নেমে আসতে পারে। সংস্থাটির বিশ্লেষণে আরও বলা হয়েছে, ২০২৬ সালে জীবাশ্ম জ্বালানি আমদানিতে অতিরিক্ত যে অর্থ ব্যয় হতে পারে, তা দিয়ে প্রায় ৮ গিগাওয়াট ছাদভিত্তিক সৌরবিদ্যুৎ স্থাপন করা সম্ভব। এই পরিমাণ সৌরবিদ্যুৎ দেশের বর্তমান প্রায় ৩২ গিগাওয়াট বিদ্যুৎ উৎপাদন সক্ষমতার সঙ্গে আরও প্রায় ২৫ শতাংশ সক্ষমতা যোগ করতে পারে। চলতি বছরের জানুয়ারি থেকে আগস্ট পর্যন্ত বাংলাদেশের এলএনজি আমদানি গত বছরের একই সময়ের তুলনায় প্রায় ১৩ শতাংশ কমেছে। সবচেয়ে বড় ধাক্কা এসেছে জুলাই ও আগস্টে। এ সময়ে হরমুজ প্রণালিতে সরবরাহ বিঘ্নের কারণে এলএনজি আমদানি প্রায় ৮৩ শতাংশ কমে যায়। জেডসিএর তথ্য অনুযায়ী, জুলাইয়ে বাংলাদেশ প্রায় ৬ লাখ ৩০ হাজার টন এলএনজি আমদানি করলেও আগস্টে তা নেমে আসে ১ লাখ ১০ হাজার টনে। তবে আমদানি কমলেও জ্বালানি ব্যয় কমেনি। বরং আন্তর্জাতিক বাজারে জ্বালানির দাম বেশি থাকায় সামগ্রিক আমদানি ব্যয় বাড়ার আশঙ্কা তৈরি হয়েছে। বাংলাদেশের বিদ্যুৎ উৎপাদনের প্রায় ৬৪ শতাংশ গ্যাসনির্ভর। ফলে এলএনজি সরবরাহে কোনো ধরনের বিঘ্ন হলে বিদ্যুৎ উৎপাদনেও তার সরাসরি প্রভাব পড়ে। গত ১১ আগস্ট দেশে বিদ্যুৎ সরবরাহ ঘাটতি ৩ হাজার ৫৯২ মেগাওয়াটে পৌঁছেছিল, যা ওই সময়ের মোট চাহিদার প্রায় ২০ শতাংশ। গ্যাসের সংকটের প্রভাব পড়ছে শিল্প ও কৃষি খাতে। জেডসিএর তথ্য অনুযায়ী, দেশের সাতটি বড় সার কারখানার মধ্যে ছয়টি গ্যাসের অপর্যাপ্ত সরবরাহের কারণে বন্ধ রয়েছে অথবা সীমিত সক্ষমতায় উৎপাদন করছে। রপ্তানিমুখী তৈরি পোশাকশিল্পও গ্যাস ও বিদ্যুৎ সংকটের প্রভাব থেকে বাদ যাচ্ছে না। সাভার, আশুলিয়া ও ধামরাইয়ের কয়েকটি কারখানায় উৎপাদন ১৫ থেকে ২০ শতাংশ পর্যন্ত কমেছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। কিছু গ্রামীণ এলাকায় প্রতিদিন আট থেকে ১০ ঘণ্টা পর্যন্ত বিদ্যুৎ বিভ্রাটের খবরও পাওয়া গেছে। জেডসিএর বিশ্লেষণে বাংলাদেশের জ্বালানি খাতের দীর্ঘমেয়াদি একটি দুর্বলতার দিকও তুলে ধরা হয়েছে। সেটি হলো আমদানিনির্ভরতা। সংস্থাটির হিসাবে, ২০২৩ সালে বাংলাদেশের মোট জ্বালানি সরবরাহের প্রায় ৪৬ শতাংশ আমদানির মাধ্যমে পূরণ করা হয়েছে। ২০২৪-২৫ অর্থবছরে দেশের বিদ্যুৎ চাহিদার প্রায় ৬৫ শতাংশের সঙ্গে আমদানিনির্ভর জ্বালানি যুক্ত ছিল। ২০২৫ সালে বাংলাদেশের এলএনজি সরবরাহের প্রায় দুই-তৃতীয়াংশ হরমুজ প্রণালি দিয়ে এসেছে। বর্তমান সংকট মোকাবিলায় বাংলাদেশ স্পট মার্কেটসহ বিভিন্ন উৎস থেকে এলএনজি সংগ্রহের চেষ্টা করছে। আগস্ট ও সেপ্টেম্বরের জন্য দুটি স্পট এলএনজি কার্গো অনুমোদনের পাশাপাশি যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া, মালয়েশিয়া ও ওমানের সরবরাহকারীদের কাছ থেকে আরও আটটি কার্গো সংগ্রহ করা হয়েছে। ভারত থেকেও অতিরিক্ত ডিজেল চাওয়া হয়েছে। অন্যদিকে, দীর্ঘমেয়াদে আমদানিনির্ভর গ্যাসের ওপর নির্ভরতা বাড়ানোর উদ্যোগও রয়েছে। ২০২৬ থেকে ২০৩৮ সাল পর্যন্ত যুক্তরাষ্ট্র থেকে ১১৭টি এলএনজি কার্গো কেনার চুক্তি করেছে বাংলাদেশ। তবে দীর্ঘমেয়াদি চুক্তি করলেই সরবরাহের ঝুঁকি দূর হয় না বলে মনে করছে জেডসিএ। বর্তমান সংকটের মধ্যে বাংলাদেশের তিনটি বড় এলএনজি সরবরাহকারী চুক্তির আওতায় সরবরাহের ক্ষেত্রে 'ফোর্স মেজর' ঘোষণা করেছে। চেঞ্জ ইনিশিয়েটিভের ব্যবস্থাপনা পরিচালক জাকির হোসেন খান বলেন, এলএনজি বাংলাদেশের জ্বালানি স্বাধীনতা নিশ্চিত করতে পারে না। বৈশ্বিক সংকটের সময় সরবরাহ চুক্তি থাকলেও নির্ধারিত সময়ে গ্যাস দেশের বন্দরে পৌঁছানোর নিশ্চয়তা নেই। অথচ এর ব্যয় বাড়তেই থাকবে। তিনি বলেন, এলএনজিনির্ভর জ্বালানি ব্যবস্থার ঝুঁকি বেশি। তাই নবায়নযোগ্য জ্বালানিতে, বিশেষ করে ছাদভিত্তিক সৌরবিদ্যুতে বিনিয়োগ বাড়ানো দরকার। ইনস্টিটিউট ফর এনার্জি ইকোনমিকস অ্যান্ড ফাইন্যান্সিয়াল অ্যানালাইসিসের (আইইইএফএ) বাংলাদেশের প্রধান জ্বালানি বিশ্লেষক শফিকুল আলম বলেন, এলএনজির ওপর নির্ভরতা বাড়ানো বাংলাদেশের জ্বালানি খাতের দুর্বলতার টেকসই সমাধান নয়। তার হিসাবে, পরিকল্পিত নতুন এলএনজি টার্মিনালগুলো চালু হলে ২০৩০ সালের মধ্যে বাংলাদেশের এলএনজি আমদানি ৭০০ বিলিয়ন ঘনফুট ছাড়িয়ে যেতে পারে। আন্তর্জাতিক বাজারদরের ওপর নির্ভর করে এতে বছরে ৮৫০ কোটি থেকে ১ হাজার ৪০০ কোটি ডলার পর্যন্ত ব্যয় হতে পারে। শফিকুল আলম বলেন, এ ধরনের নির্ভরতা বিদ্যুৎ ও গ্যাসের দাম বাড়াবে এবং শিল্পের প্রতিযোগিতামূলক সক্ষমতা কমাবে। অথচ এতে দেশের জ্বালানি ব্যবস্থার সংকট মোকাবিলার সক্ষমতা বাড়বে না। তার মতে, দেশীয় গ্যাস অনুসন্ধান ও উৎপাদন বাড়ানোর পাশাপাশি সৌরবিদ্যুৎ, ব্যাটারি সংরক্ষণব্যবস্থা এবং আন্তঃসীমান্ত জলবিদ্যুতে বিনিয়োগ বাড়াতে হবে। বাংলাদেশের জ্বালানি আমদানিনির্ভরতা কমাতে ছাদভিত্তিক সৌরবিদ্যুৎকে সম্ভাবনাময় বিকল্প হিসেবে দেখছে জেডসিএ। ২০২৫ সালে দেশের মোট বিদ্যুৎ উৎপাদনের মাত্র ৫ শতাংশের কিছু বেশি এসেছে নবায়নযোগ্য উৎস থেকে। ওই বছর দেশে নবায়নযোগ্য জ্বালানির স্থাপিত সক্ষমতা ছিল ১ দশমিক ৪৯ গিগাওয়াট। আইইইএফএ'র হিসাবে, ১ মেগাওয়াট ছাদভিত্তিক সৌরবিদ্যুৎ স্থাপন করলে বছরে প্রায় ১ লাখ ৮০ হাজার ডলারের আমদানি করা জ্বালানি ব্যয় সাশ্রয় করা সম্ভব। বাংলাদেশের ২০ শতাংশ নবায়নযোগ্য বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা পূরণ করতে ২০৩০ সাল পর্যন্ত প্রতিবছর প্রায় ৭৬০ মেগাওয়াট নতুন নবায়নযোগ্য বিদ্যুৎ সক্ষমতা যুক্ত করতে হবে। কিন্তু চলতি বছরের ফেব্রুয়ারি পর্যন্ত নির্মাণাধীন নবায়নযোগ্য বিদ্যুৎ প্রকল্পের মোট সক্ষমতা ছিল মাত্র ৩৫৮ মেগাওয়াট। ফলে জ্বালানি সংকট মোকাবিলায় শুধু অতিরিক্ত আমদানি নয়, দেশীয় জ্বালানি উৎপাদন বাড়ানোর পাশাপাশি সৌরবিদ্যুৎ ও অন্যান্য নবায়নযোগ্য জ্বালানিতে দ্রুত বিনিয়োগ বাড়ানোই দীর্ঘমেয়াদে আমদানিনির্ভরতা কমানোর পথ হতে পারে বলে বিশ্লেষণে উঠে এসেছে।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ শুক্রবার ॥ ০৪ সেপ্টেম্বর ২০২৬ ॥ ২১ ভাদ্র ১৪৩৩

আমাদের নজরদারি এড়িয়ে ইরানিরা বাথরুমেও যেতে পারে না: ট্রাম্প

কীর্তনখোলা ডেস্ক

যুক্তরাষ্ট্র ইরানের ওপর প্রায় সর্বাত্মক নজরদারি চালাতে সক্ষম বলে দাবি করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তার দাবি, ইরানে কী ঘটছে, দেশটির সামরিক বাহিনী কী প্রস্তুতি নিচ্ছে, সবকিছুই যুক্তরাষ্ট্রের নজরে রয়েছে। এমনকি ৩ এর পাতায় দেখুন

আল-আকসা মসজিদে ইসরাইলি দখলদারের হানা, ২ ফিলিস্তিনি নিহত

কীর্তনখোলা ডেস্ক

অধিকৃত পূর্ব জেরুজালেমের ঐতিহাসিক আল-আকসা মসজিদ চত্বরে গত আগস্ট মাসে ৫ হাজার ২০৯ জন ইসরাইলি দখলদার জোরপূর্বক প্রবেশ করেছে। জেরুজালেম গভর্নরেটের প্রকাশিত মাসিক প্রতিবেদনে এই তথ্য ৩ এর পাতায় দেখুন

নগরীতে ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন বরিশাল সিটি কর্পোরেশরের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট রায়হান উজ জামান। অভিযানে দুটি ব্যবসা প্রতিষ্ঠানে জরিমানা আদায় করা হয় -কীর্তনখোলা

এক কেজি ইলিশ কিনতে কৃষকের আড়াই মণ ধান

বরগুনা প্রতিনিধি

জীবনের ঝুঁকি নিয়ে সাগরে দিন-রাত মাছ ধরেন জেলেরা। ঝড়-জলোচ্ছ্বাস, উত্তাল ঢেউ ও জলদস্যু আতঙ্কের মধ্যে শত শত, কখনও হাজার হাজার পিস ইলিশ নিয়ে ঘাটে ফেরেন তারা। অথচ সেই ইলিশই পাতে উঠছে না তাদের পরিবারের। খোঁজ নিয়ে জানা গেছে, দেশের দ্বিতীয় বৃহত্তম মাছের বাজার বরগুনার পাথরঘাটায় এখন এক কেজি ওজনের একটি ইলিশ বিক্রি হচ্ছে প্রায় তিন হাজার টাকায়। কখনও কখনও দাম ওঠে আরো বেশি। ফলে সাগর থেকে ইলিশ ধরে আনলেও বাজারে বিক্রি করে সংসারের খরচ, দাদন আর ঋণের কিস্তি শোধ করতেই হিমশিম খেতে হচ্ছে জেলেদের। শুধু জেলে নয়, ইলিশ পাতে উঠছে না কৃষক ও স্বল্প আয়ের মানুষের পরিবারে। পাথরঘাটা সদর ৩ এর পাতায় দেখুন

বরিশালে জাতীয়তাবাদী ক্রীড়া দলের নবগঠিত জেলা আহ্বায়ক কমিটির পরিচিতি সভা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে বাংলাদেশ জাতীয়তাবাদী ক্রীড়া দলের নবগঠিত জেলা আহ্বায়ক কমিটির পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) বিকেল ৪টায় নগরীর কবি জীবনানন্দ দাশ স্টেডিয়ামে বাংলাদেশ জাতীয়তাবাদী ক্রীড়া দল বরিশাল জেলা কমিটির আয়োজনে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় নবগঠিত কমিটির নেতৃবৃন্দ বরিশালের ক্রীড়াঙ্গনের উন্নয়ন, প্রতিভাবান খেলোয়াড়দের বিকাশ এবং আন্তর্জাতিক মানের খেলোয়াড় তৈরিতে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। নবগঠিত বরিশাল জেলা জাতীয়তাবাদী ক্রীড়া দলের আহ্বায়ক আসাদুজ্জামান খসরু বলেন, বরিশালে একটি ভালো ও আধুনিক স্টেডিয়াম নির্মাণের জন্য প্রয়োজনীয় উদ্যোগ নিতে আমরা সর্বাত্মক চেষ্টা করবো। তিনি বলেন, বরিশাল থেকেই যেন আন্তর্জাতিক মানের খেলোয়াড় উঠে আসে, আমরা সেই লক্ষ্যেই কাজ করব। বরিশালের খেলাধুলার মান উন্নয়নে যা কিছু প্রয়োজন, এই কমিটি তা করার চেষ্টা করবে। সদস্য সচিব মহিউদ্দিন রুবেল বলেন, বরিশাল থেকে যেন জাতীয় ও আন্তর্জাতিক ৩ এর পাতায় দেখুন

মুলাদীতে বৃষ্টিতে কাদা-পানিতে একাকার ৮ কিলোমিটার সড়ক, দুর্ভোগে মানুষ

মুলাদী প্রতিনিধি

মুলাদীতে সামান্য বৃষ্টিতেই কাদা-পানিতে একাকার হয়ে যায় উপজেলার বাটামারা ইউনিয়নের সেলিমপুর বাজার থেকে জাগরনী বাজার হয়ে আনন্দবাজার পর্যন্ত প্রায় ৮ কিলোমিটার সড়ক। দীর্ঘদিন সংস্কার না করায় সড়কটি এখন প্রায় চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। পুরো সড়কজুড়ে তৈরি হয়েছে কাদা-পানি ও বড় বড় গর্ত। এতে প্রতিদিন যাতায়াতে চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে স্থানীয় বাসিন্দা, পথচারী ও শিক্ষার্থীদের। স্থানীয়দের অভিযোগ, সড়কটির বেহাল দশায় সবচেয়ে বেশি বিপাকে পড়ছে এলাকার শিক্ষার্থীরা। এই সড়ক দিয়ে প্রতিদিন পূর্ব তয়কা ও জনতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা ৩ এর পাতায় দেখুন

সাত মাসে ১৫ হাজার ৭১৭ শিশু নিখোঁজের জিডি, উদ্ধার ১৩ হাজার ৬৭৯

কীর্তনখোলা ডেস্ক

চলতি বছরের জানুয়ারি থেকে জুলাই পর্যন্ত দেশে ১৫ হাজার ৭১৭ শিশু নিখোঁজ হওয়ার জিডি হয়েছিল বলে জানিয়েছে পুলিশ। এর মধ্যে ১৩ হাজার ৬৭৯ জনকে উদ্ধার করা হয়েছে বা তারা ফিরে এসেছে। এখনো নিখোঁজ রয়েছে ২ হাজার ৩৮ জন, যা মোট নিখোঁজ শিশুর ১৩ শতাংশ। বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) পুলিশ সদরদপ্তর থেকে পাঠানো এক বার্তায় এ তথ্য জানানো হয়। পুলিশ সদরদপ্তরের এআইজি (মিডিয়া) এ এইচ এম শাহাদাত হোসাইন জানান, সম্প্রতি বিভিন্ন গণমাধ্যমে ২০২৬ সালের জানুয়ারি থেকে জুলাই পর্যন্ত দেশে ১৫ হাজারের বেশি শিশু নিখোঁজ ৩ এর পাতায় দেখুন

খালুর প্ররোচনায় স্বামীর বিরুদ্ধে স্ত্রীর মামলার অভিযোগ

বোরহানউদ্দিন প্রতিনিধি

ভোলার বোরহানউদ্দিন উপজেলার কাচিয়া ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের বেপারি বাড়িতে পারিবারিক বিরোধকে কেন্দ্র করে থানায় দায়ের করা অভিযোগের প্রতিবাদে সংবাদ সম্মেলন করেছেন মন্নানের ছেলে বাছেদ ও তার বড় ভাই বশার। মঙ্গলবার (১ সেপ্টেম্বর) বিকেলে আয়োজিত সংবাদ সম্মেলনে বাছেদ বলেন, তার স্ত্রী লিমা বেগমের সঙ্গে তার দাম্পত্য সম্পর্ক ভালো থাকলেও কিছুদিন ধরে তার খালু শ্বশুর মিলন লস্কর বিভিন্ন বিষয়ে তার ৩ এর পাতায় দেখুন

অটোরিক্সা-নছিমনের মুখোমুখি সংঘর্ষে প্রাণ গেল যুবকের

ভোলা প্রতিনিধি

ভোলায় অটোরিকশা ও নছিমনের মুখোমুখি সংঘর্ষে রাশেদ হাওলাদার (১৯) নামে এক যুবকের মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) দুপুরে ভোলা শহরের পিটিআই এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত রাশেদ ভোলা সদর উপজেলার চরসামাইয়া ইউনিয়নের চর ছিফলী গ্রামের শাহাজামাল হাওলাদারের ছেলে। তিনি পেশায় একজন শ্রমিক ছিলেন। চার ভাই ও এক বোনের মধ্যে রাশেদ ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় ভ্রাম্যমান আদালতে বায়ু দুষণ আইনে দুই জনকে জরিমানা

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় গতকাল বৃহস্পতিবার সকালে ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট উপজেলা নির্বাহী অফিসার মো. হাসিবুল হাসান বায়ু দুষণ নিয়ন্ত্রণ আইন ২০১২ এর ১১(ঙ) ধারা ভংগের অপরাধে এবং একই আইনে ১৭ধারা মতে মো. দেলোয়ার হোসেন গাজীকে ৫০হাজার টাকা এবং তার ম্যানেজার মো. শাহিনকে ১হাজার টাকাসহ দুই জনকে মোট ৫১হাজার টাকা জরিমানা আদায় করা হয়। স্থানীয় সূত্রে জানাগেছে, পূর্ব-ভাণ্ডারিয়া নিবাসি মো. দেলোয়ার হোসেন গাজী গতকাল সকালে উপজেলা সদরের রিজার্ভ পুকুর পারের পশ্চিম পাশে রাস্তা সংলগ্ন ৩ এর পাতায় দেখুন

পিরোজপুরে বিএনপি নেতা ছালাম শেখের মুক্তি দাবি করে মানববন্ধন

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুর সদর উপজেলার কদমতলা ইউনিয়ন বিএনপির সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান আবদুস ছালাম শেখের নিঃশর্ত মুক্তি এবং মামলা প্রত্যাহারের দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে কদমতলা বাজারে স্থানীয় বিএনপি, অঙ্গ-সহযোগী সংগঠন ও সাধারণ মানুষের যৌথ উদ্যোগে এ কর্মসূচি পালন করা হয়। ৪ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি আব্দুল কুদ্দুস শেখের সভাপতিত্বে মানববন্ধনে বক্তারা ছালাম শেখকে ত্যাগী নেতা উল্লেখ করে তাঁর বিরুদ্ধে আনীত চাঁদা দাবির অভিযোগ সম্পূর্ণ ভিত্তিহীন ও ষড়যন্ত্রমূলক বলে দাবি করেন। অবিলম্বে এই মিথ্যা মামলা প্রত্যাহার করা না হলে রাজপথে কঠোর আন্দোলনের হুঁশিয়ারি ৩ এর পাতায় দেখুন

মহাসড়কে বাসের ধাক্কায় প্রাণ গেল ব্যবসায়ীর

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালী-কুয়াকাটা মহাসড়কে যাত্রীবাহী বাসের ধাক্কায় মো. আতিক (৩২) নামে এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) সকাল ৮টার দিকে পটুয়াখালী সদর উপজেলার দলুগাজীর মোড় এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত মো. আতিক পটুয়াখালী সদর উপজেলার লাউকাঠী ইউনিয়নের জামুরা এলাকার বাসিন্দা। তিনি মাওলানা আশরাফ হাওলাদারের ছেলে। স্থানীয়ভাবে তিনি ডিলারশিপ ব্যবসার সঙ্গে যুক্ত ছিলেন। স্থানীয় সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার সকালে আতিক মোটরসাইকেল নিয়ে মহাসড়ক ধরে গন্তব্যে যাচ্ছিলেন। ৩ এর পাতায় দেখুন

মঠবাড়িয়ায় মাদকের জাল অভিযানের থামছে না সরবরাহ

মঠবাড়িয়া প্রতিনিধি

একদিকে পুলিশের অভিযানে উদ্ধার হচ্ছে বিপুল পরিমাণ গাঁজা-ইয়াবা; তবুও থামছে না মাদকের সরবরাহ। পিরোজপুরের মঠবাড়িয়া উপজেলা সদর থেকে ইউনিয়নের প্রত্যন্ত এলাকায় মাদকের বিস্তার নিয়ে স্থানীয়দের উদ্বেগ ক্রমেই বেড়ে চলছে। আর এতে সবচেয়ে বড় শঙ্কার জায়গায় তরুণ ও কিশোররা। সাধারণ জনমনে প্রশ্ন, নিয়মিত অভিযান ও গ্রেপ্তারের পরও কেন মাদকের সরবরাহের পথ বন্ধ হচ্ছে না! ১১টি ইউনিয়ন ও একটি পৌরসভার প্রতিটা ওয়ার্ডে মাদক কেনাবেচার অভিযোগ রয়েছে। স্থানীয়দের ৩ এর পাতায় দেখুন

সাড়ে পাঁচ মাসে হামে মৃত্যু ৯৮৬, আক্রান্ত ১ লাখ ৮০ হাজার

কীর্তনখোলা ডেস্ক

চলতি বছরের ১৫ মার্চ থেকে গত সাড়ে পাঁচ মাসে দেশে হামের উপসর্গ নিয়ে ৮৮৭ শিশুর মৃত্যু হয়েছে। একই সময়ে নিশ্চিত হামে মারা গেছে ৯৯ শিশু। সব মিলিয়ে হামের উপসর্গ ও নিশ্চিত হামে মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ৯৮৬ জনে। মঙ্গলবার (১ সেপ্টেম্বর) স্বাস্থ্য অধিদপ্তরের হামের পরিস্থিতিবিষয়ক নিয়মিত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। ৩ এর পাতায় দেখুন

বাউফলে ইয়াবাসহ দুই মাদক কারবারি গ্রেফতার

বাউফল প্রতিনিধি

পটুয়াখালী বাউফলে নওমালা ইউনিয়ন বটকাজল থেকে ১০০ পিস ইয়াবা ট্যাবলেটসহ মো. ফয়সাল মৃধা (২২) ও মো. রুবেল হোসেন (২০) নামের দুই মাদক কারবারিকে গ্রেফতার করেছে পুলিশ। ০৩ সেপ্টেম্বর দিবাগত রাত ১২টা ৫০ মি: সময় বাউফল থানার এসআই (নিঃ) সম্বিত রায় সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ মাদক উদ্ধার ও ওয়ারেন্ট তামিল ডিউটি করাকালীন গোপন সংবাদের ভিত্তিতে এ অভিযান পরিচালনা করেন। পুলিশ সূত্রে ৩ এর পাতায় দেখুন

ঝালকাঠিতে ডেঙ্গু প্রতিরোধে সমন্বিত পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মসূচি

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠিতে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে সমন্বিত পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) দুপুর ১২টায় ঝালকাঠি সদর হাসপাতালের সামনের সড়ক থেকে এ কর্মসূচির আয়োজন করে ঝালকাঠি পৌরসভা। কর্মসূচির নেতৃত্ব দেন জেলা প্রশাসক মো. মমিন উদ্দিন। এ সময় উপস্থিত ছিলেন পৌর প্রশাসক ও স্থানীয় সরকার শাখার উপপরিচালক জুলিয়া সুকায়না, সদর হাসপাতালের পরিচালক (তত্ত্বাবধায়ক) ডা. মাসুম ইফতেখারসহ পৌরসভা ও স্বাস্থ্য বিভাগের ৩ এর পাতায় দেখুন

কবিরাজি চিকিৎসা নিতে গিয়ে পুকুর পাড়ে মিললো শ্রমিকের লাশ

দশমিনা প্রতিনিধি

পটুয়াখালীর দশমিনায় কবিরাজি চিকিৎসা নিতে গিয়ে পুকুর পাড়ে মিলল মো.আরিফ মাতুব্বর (৪২) নামে এক শ্রমিকের লাশ। বৃহস্পতিবার সকালে উপজেলার আলীপুরা ইউনিয়নের খলিশাখালী গ্রামে এ ঘটনা ঘটে। তিনি ওই গ্রামের মো. আলম মাতুব্বরের ছেলে। সে আগে ঢাকায় শ্রমিকের কাজ করতেন বলে জনা গেছে। প্রত্যক্ষদর্শী ও স্বজনদের দাবি, উপজেলার আলীপুরা ইউনিয়নের খলিশাখালী গ্রামের দুই সন্তানের জনক মো. আরিফ মাতুব্বরকে বুধবার সন্ধ্যায় একই গ্রামের মোল্লা বাড়ির মো. বাবুল মোল্লার স্ত্রী নুরজাহানের কাছে কবিরাজি চিকিৎসার জন্য নেন তার স্বজনরা। পরে বৃহস্পতিবার সকালে মোল্লা বাড়ির পুকুর পাড় থেকে তার মৃত অবস্থায় লাশ উদ্ধার করা হয়। দাবি করা হচ্ছে, মো. আরিফ ৩ এর পাতায় দেখুন

ধেয়ে আসছে ‘অতি শক্তিশালী’ এল নিনো সতর্ক করলো জাতিসংঘ

কীর্তনখোলা ডেস্ক

শক্তিশালী হয়ে ওঠা এল নিনোর প্রভাবে বিশ্ব ‘চরম আবহাওয়ার ঝুঁকিপূর্ণ অঞ্চলে’ প্রবেশ করেছে বলে সতর্ক করেছেন জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস। বিশ্ব আবহাওয়া সংস্থার (ডব্লিউএমও) সর্বশেষ পূর্বাভাস অনুযায়ী, চলমান এল নিনো আরও শক্তিশালী হয়ে উঠতে পারে এবং অন্তত ২০২৭ সালের ফেব্রুয়ারি পর্যন্ত এর প্রভাব থাকতে পারে। এমনকি এটি ১৯৫০ সালের পর সবচেয়ে শক্তিশালী এল নিনোতে পরিণত হওয়ার শঙ্কাও রয়েছে। ব্রিটিশ গণমাধ্যম বিবিসি ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা। সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ, কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা। সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com